CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA   গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-68 ■ 14 December, 2024 ■ আগরতলা ১৪ ডিসেম্বর, ২০২৪ ইং ■ ২৮ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

CMYK




## জনগণের স্বাস্থ্য সুরক্ষার আওতায় দেশের মধ্যে শীর্ষে ত্রিপুরা ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** মানসিক রোগের চিকিৎসা একটি চ্যালেঞ্জিং বিষয়। মানসিক রোগীকে ভাল রাখা ও সুস্থভাবে তাদেরকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা অত্যন্ত কঠিন কাজ। তাই মনোরোগ চিকিৎসকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। আজ ত্রিপুরা মেডিক্যাল কলেজ এবং বি আর আম্বেদকর টিচিং হাসপাতালের স্বামী বিবেকানন্দ অডিটোরিয়ামে ইন্ডিয়ান সাইকিয়াট্রিক সোসাইটির ত্রিপুরা রাজ্য শাখার ২৫তম বার্ষিক সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মানসিক রোগ প্রতিহত করতে হলে জীবনশৈলীর পরিবর্তন, নেশা থেকে বিরত থাকা এবং নিয়মিত যোগাভ্যাসের প্রয়োজন। এক্ষেত্রে সমাজের সকলস্তরের নাগরিক এবং মানসিক রোগীর অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রয়োজন জনসচেতনতাও। মানসিক রোগীরা সুস্থ হলে সমাজে তাদের গ্রহণযোগ্যতার জন্য সমাজেরও দায়িত্ব রয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, হতাশা, উদ্বেগ ও নেশা মানসিক রোগের কারণ। মানসিক রোগীদের চিকিৎসার জন্য নরসিংগড়ে একটি মেন্টাল হেলথ ইন্সস্টিটিউট রয়েছে। সেটাকে কিভাবে আধুনিক ও উন্নত করা যায় সেদিকে রাজ্য ☛ ৬ এর পাতায় দেখুন

## মুখ্য সচিবদের দুদিনের জাতীয় সম্মেলনে পৌরহিত্য করবেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর ।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনি ও রবিবার নয়াদিল্লিতে মুখ্য সচিবদের চতুর্থ জাতীয় সম্মেলনে পৌরহিত্য করবেন। কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে অংশীদারীত্বকে আরোও জোরদার করার লক্ষ্যে এই সম্মেলন হবে আরোও একটি অন্যতম প্রধান পদক্ষেপ।

মুখ্যসচিবদের এই সম্মেলনটি আরোও দ্রুততর গতিতে বৃদ্ধি ও বিকাশের লক্ষ্যে সমবায়িক মৈত্রীতন্ত্রকে শক্তিশালী করতে এবং কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে সহযোগিতাকে আরোও ভালভাবে সুনিশ্চিত করার জন্য প্রধানমন্ত্রীর দিকদর্শন অনুসারে চালিত করা হবে। মুখ্যসচিবদের প্রথম সম্মেলনটি অনুষ্ঠিত হয়েছিল ২০২২-এর জুন মাসে ধর্মশালায়, এর পর দ্বিতীয় ও তৃতীয় সম্মেলনগুলি অনুষ্ঠিত হয়েছিল নয়াদিল্লিতে যথাক্রমে ২০২৩-এর জানুয়ারী ও ২০২৩-এর ডিসেম্বরে।

অন্যদিকে ২০২৪-এর ১৩ থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত তিন দিনের একটি সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে। রাজ্যগুলির সঙ্গে অংশীদারীত্বের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য একটি অভিন্ন উন্নয়ন কর্মসূচি ও পরিকল্পনার পর্যালোচনা ও রূপায়ণ করার উপর এই সম্মেলনটিতে জোর দেওয়া হবে। এই সম্মেলন বিভিন্ন উদ্যোগকে উৎসাহ দান, কর্মসংস্থান ও দক্ষতায়ন, জনসংখ্যাগত লভ্যাংশের সুবিধা, গ্রামীন ও শহরাঞ্চল উভয় অংশের জনসংখ্যার নিরিখে টেকসই কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য সহযোগিতামূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জমি তৈরী করবে।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তর ও মন্ত্রক, নীতি আয়োগ, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের মধ্যে ব্যাপক আলাপ আলোচনার উপর ভিত্তি করে এবার চতুর্থ জাতীয় সম্মেলন যে মূলভাবটির উপর আলোকপাত করবে তা হচ্ছে 'উদ্যোগকে উৎসাহ দান, কর্মসংস্থান ও দক্ষতায়ন-জনসংখ্যাগত লভ্যাংশের সুবিধা'।

তা ছাড়া বিকশিত ভারতের জন্য সীমান্ত প্রযুক্তি, অর্থনৈতিক বৃদ্ধির কেন্দ্র স্বরূপ বিকাশমান নগরী, বিনিয়োগের জন্য রাজ্যগুলিতে অর্থনৈতিক সংস্কার এবং কর্মযোগী মিশনের মাধ্যমে ক্ষমতা গঠন নিয়ে আলোচনা করা হবে এই সম্মেলনে। অলোচনার জন্য প্রধান প্রধান ক্ষেত্রগুলি মধ্যে রয়েছে- প্রস্তুতকরণ, পরিষেবা, পুনর্নবীকরণ শক্তি, বৃত্তাকার অর্থনীতি এবং অন্যান্য। অন্যদিকে এই সম্মেলনে বিভিন্ন বিষয় পাঠে উৎসাহ দানের জন্য এই সম্মেলনে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি থেকে সেরা চর্চা উপস্থানা করা হবে।

সম্মেলনটিতে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্য সচিব, বরিষ্ঠ আধিকারিকরা এবং বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞরা উপস্থিত থাকবেন।



উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ উপলক্ষ্যে ত্রিবেণিসঙ্গমে পূজার্চনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## গ্রেফতার অল্লু অর্জুন

**হায়দ্রাবাদ, ১৩ ডিসেম্বর ।।** অভিনেতা অল্লু অর্জুনকে গ্রেফতার করল হায়দ্রাবাদ পুলিশ। গত ৪ ডিসেম্বর হায়দরাবাদে 'পুষ্পা ২' সিনেমার প্রিমিয়ারে পদপিষ্ট হয়ে এক জনের মৃত্যু হয়। আহত হন বেশ কয়েক জন। সেই সময় সেখানে উপস্থিত ছিলেন অর্জুন। এই ঘটনাতেই তাঁকে গ্রেফতার করা হয়েছে বলে প্রাথমিক ভাবে জানা গিয়েছে।

প্রসঙ্গত, গত ৪ নভেম্বর রাতে হায়দরাবাদের সন্ধ্যা প্রেক্ষাগৃহে অর্জুন অভিনীত সিনেমা 'পুষ্পা ২'-এর প্রিমিয়ার ছিল। তেলুগু অভিনেতা সেখানে পৌঁছতেই দর্শক এবং অনুরাগীদের মধ্যে হুড়োহুড়ি শুরু হয়ে যায়। ওই হুড়োহুড়িতে অসুস্থ হয়ে পড়েন ৩৫ ☛ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুৎ, রাস্তা, পানীয় জলের দাবিতে রিয়াং জনজাতিদের পথ অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** বিদ্যুৎ পরিষেবা, রাস্তা সংস্কার ও পানীয় জলের দাবিতে কুমারঘাট- কমলপুর জাতীয় সড়ক অবরোধে সামিল হয়েছেন রিয়াং জনজাতিরা। ওই দিন কমলপুর দুর্গা চৌমুহনী আর ডি ব্লকের অধীন শ্বেতরাই এডিসি ভিলেজের রিয়াং বস্তির জনজাতিরা পথ অবরোধ করে রাখেন।

অবরোধের জেরে যানচলাচল ব্যাহত হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেন ফটিকরায় থেকে পুলিশ বাহিনী এবং কমলপুর থেকে দুর্গা চৌমুহনী ব্লকের আধিকারিক এবং বিদ্যুত নিগমের কর্মকর্তারা। তাঁরা অবরোধকারীদের সাথে কথা বলেন।

ঘটনার বিবরণে জনৈক অবরোধকারী বলেন, দীর্ঘ দিন ধরে কমলপুর দুর্গা চৌমুহনী আর ডি ব্লকের অধীন শ্বেতরাই এডিসি ভিলেজের রিয়াং বস্তির রাস্তা যাবত অচল হয়ে রয়েছে। পাশাপাশি ওই সব এলাকায় বিদ্যুত, পানীয় জলের সমস্যায় ভুগছেন এলাকাবাসী। এতদিন বর্ষার মরশুমে জনজাতিরা ছড়ার জল পান করেছিলেন। কিন্তু এখন খরার মরশুমের পানীয় জলের সমস্যা দেখা দিয়েছে। অভিযোগ, এ বিষয়ে প্রসাশনের নিকট মৌখিক ও লিখিত অভিযোগ করা হলেও সমস্যার সমাধানে কেউ কর্ণপাত করেননি। তাছাড়া, রাস্তার বেহাল দশার কারণে মুমূর্ষ রোগীরা মৃত্যুর সাথে পাঞ্জা লড়লেও অ্যাম্বুলেন্সে হাসপাতালে যাওয়ার মত কোন ব্যবস্থা নেই। তাই বাধ্য হয়ে আজ সকাল থেকে পথ অবরোধে বসেন তাঁরা। অবরোধের জেরে যানচলাচল বন্ধ হয়ে পড়ে।

এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে ফটিকরায় থেকে পুলিশ বাহিনী এবং কমলপুর থেকে দুর্গা চৌমুহনী ব্লকের আধিকারিক এবং বিদ্যুত নিগমের কর্মকর্তারা। তাঁরা অবরোধকারীদের সাথে কথা বলেন এবং তাঁরা আশ্বাস দিয়েছেন অতিসত্বর সমস্যা সমাধান করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে অবরোধকারীরা পথ অবরোধ প্রত্যাহার করেন।

## নেশা সামগ্রী সহ আটক ৬ জন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** নেশা সামগ্রী ক্রয় বিক্রয় করতে গিয়ে পুলিশের হাতে আটক দুই মহিলার সহ ছয়জন নেশা কারবারি। তাদের কাছ থেকে তল্লাশি চালিয়ে প্রায় দেড় লাখ টাকার নেশা সামগ্রী উদ্ধার করেছে পুলিশ। তাদের পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন এসডিপিও দেবপ্রসাদ দে।

এসডিপিও দেবপ্রসাদ দে জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে

পশ্চিম আগরতলা থানার পুলিশ খবর আসে বটতলা এলাকায় বিপুল পরিমাণ ☛ ৬ এর পাতায় দেখুন

## লোকসভায় প্রিয়াঙ্কার ভাষণ ঘিরে আকর্ষণ, উঠে এল ইন্দিরার কথা



অভিজিৎ রায় চৌধুরী

**নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর।।** লোকসভায় প্রিয়াঙ্কা গান্ধীর বক্তৃতা শুধুমাত্র বিরোধী দল এবং ট্রেজারি বেঞ্চ উভয়ের সাংসদদেরই বিমোহিত করেনি বরং নিরাপত্তা কর্মী, ক্যান্টিন স্টাফ এবং দীর্ঘদিনের দলীয় সদস্যদেরও দৃষ্টি আকর্ষণ করেছে। তারা প্রত্যেকে মোবাইল এবং টেলিভিশনে খুবই গুরুত্বসহকারে সেই বক্তব্য দেখেন।

তার ৩২ মিনিটের ভাষণে, যা দুপুর ১.১৩ মিনিট-এ শুরু হয়েছিল এবং দুপুর ১.৪৫ মিনিটে শেষ হয়, প্রিয়াঙ্কা একটি ছাপ রেখেছিলেন যা তাতণিকভাবে তাঁর দিদা, প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কথা মনে করিয়ে দিয়েছে।

একজন ক্যান্টিন কর্মী, সরে গিয়ে জানান, 'প্রিয়াঙ্কা জির ভাষণ খুবই ভালো ছিল' তাঁর বক্তব্যের প্রশংসা করেন। নিরাপত্তা কর্মীদেরও মুহুর্তের জন্য তাদের দায়িত্ব থেকে কিছুটা অন্যমনস্ক হয়ে প্রিয়াঙ্কা গান্ধীর ভাষণ শুনতে দেখা গেছে।

উনার বক্তৃতা শুরু করার আগে, প্রিয়াঙ্কা উনার ভাই, বিরোধী দলনেতা রাহুল গান্ধীর কাছ থেকে কিছু নির্দেশনা পেয়েছিলেন। গ্যালারিতে বসে ছিলেন ☛ ৬ এর পাতায় দেখুন

## কাঁকড়াবন বাজারে তিনটি দোকান আগুনে পুড়ে ছাই, ক্ষতিপূরণের আশ্বাস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** বিধ্বংসী আগুনে পুড়ে ছাই তিনটি দোকান। ধারনা করা হচ্ছে, নাশকতার আগুনেই পুড়ে ছাই দোকানগুলো। আজ ভোরবেলায় কাঁকড়াবন এলাকায় বিধ্বংসী অগ্নিকাণ্ডে বাজারের তিনটি দোকান পুড়ে ছাই হয়ে গিয়েছে। ওই ঘটনায় গোটা বাজারের ব্যবসায়ীদের মনে আতঙ্ক দেখা দিয়েছে। আগুন নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে ছুটে গিয়েছে দমকলবাহিনীর ইঞ্জিন। ওই অগ্নিকাণ্ডে প্রায় ১৩ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান এক ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী। এদিকে, ঘটনার খবর পেয়ে সকালে ছুটে গিয়েছে এসডিএম সহ প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকরা। ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে এসে পৌছালেন বিখ্যাত সংগীতশিল্পী শ্রেয়া ঘোষাল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** ত্রিপুরায় এসে পৌঁছালেন বিখ্যাত সংগীত শিল্পী শ্রেয়া ঘোষাল। আগামীকাল স্বামী বিবেকানন্দ ময়দানে প্রোমো ফেস্ট -এর সমাপ্তি অনুষ্ঠানে গান গাইবেন তিনি। আগামীকাল আগরতলা স্বামী বিবেকানন্দ ময়দানের অনুষ্ঠানে গান গাইতে রাজ্যে এসেছেন সংগীতশিল্পী শ্রেয়া ঘোষাল। ত্রিপুরা পর্যটন দপ্তরের উদ্যাগে প্রোমো ফেস্ট -এর অনুষ্ঠান হতে চলেছে।




## পারদ নিম্নমুখি, বাজারে শীতবস্ত্র কেনার ধুম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** বাড়ছে শীত। শীতের সঙ্গে পাল্লা দিয়ে আগরতলা সহ রাজ্যের সর্বত্রই বাজারগুলিতে শীত বস্ত্রের চাহিদা বাড়ছে। ফুটপাত সহ বিভিন্ন দোকানে শীত বস্ত্র কিনতে মানুষের ভিড় পরিলক্ষিত হচ্ছে প্রতিদিন। শীতের মৌসুম আসার সঙ্গে সঙ্গে আগরতলা শহরের বাজারে শীতের কাপড় কেনার ধুম পড়েছে। বিভিন্ন মার্কেট ও ফুটপাতে মানুষের ভিড় লক্ষ্য করা যাচ্ছে। গরম কাপড়, জ্যাকেট, সোয়েটার, মাফলার, শাল এবং কম্বল কেনার জন্য ক্রেতারা ভিড় জমাচ্ছেন।

শীতের কাপড়ের চাহিদা বাড়ার কারণে অনেক ব্যবসায়ী নতুন নতুন



ডিজাইনের কাপড় ও পোশাক সরবরাহ করছেন। পাশাপাশি, ফুটপাতে ☛ ৬ এর পাতায় দেখুন

## গাড়ি সহ চার নেশা কারবারিকে আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর।।** গাড়ি সহ চার নেশা কারবারিতে আটক করেছে খোয়াই পুলিশ। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্টি ধারায় মামলা দায়ের করা হয়েছে। ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ দুপুরে খোয়াই থানাধীন চেরমা নাকা পয়েন্টে একটি গাড়িকে দেখে সন্দেহ হয় খোয়াই থানার ওসির সুবীর মালাকারের। এরপরই সেই গাড়িটির পিছু নেন খোয়াই থানার ওসি সমেত অন্যান্য পুলিশকর্মীরা। চেবরী বাজারে গিয়ে টিআর০৬ডি০৪০৯ গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে সোজা একটি দোকানের মধ্যে ধাক্কা মারে। সেই সময় খোয়াই থানার ওসি সুবীর মালাকারের গাড়িও সেই ঘাতক গাড়ির ☛ ৬ এর পাতায় দেখুন

CMYK

CMYK

জাগরণ আগরতলা ১৪ ডিসেম্বর ২০২৪ ইং
২৮ অগ্রহায়ণ, শনিবার ১৪৩১ বঙ্গাব্দ

# গ্রামীণ অর্থনীতিতে প্রযুক্তির প্রভাব

প্রযুক্তিগত উন্নয়ন, ইন্টারনেটের সহজলভ্যতা, এবং ডিজিটাল প্ল্যাটফর্মের প্রসার বড় ভূমিকা পালন করিতেছে।কিছু উল্লেখযোগ্য পরিবর্তন হইল ই-গভর্নেন্স ও পরিষেবা প্রদান। গ্রামাঞ্চলেও এখন সরকারি পরিষেবা অনলাইনে সহজেই পাওয়া যাইতেছে। জমির রেকর্ড, পরিচয়পত্র, ব্যাঙ্কিং পরিষেবা ইত্যাদি ডিজিটাল মাধ্যমে দ্রুত ও স্বচ্ছভাবে পৌঁছিয়া দেওয়া সম্ভব হইতেছে। সস্তা ডেটা এবং স্মার্টফোনের সহজলভ্যতার কারণে গ্রামীণ এলাকাগুলিও এখন শহরের মতো ডিজিটাল বিশ্বের অংশ হইয়া উঠিয়াছে। ডিজিটালাইজেশনের সুবাদে বর্তমানে ভারতে, শহর আর গ্রামের সীমারেখা অনেকটাই মুছিয়া গিয়াছে। মানুষ ক্রমশ নাগরিক জীবনশৈলীতে নিজেদের অভ্যস্ত করিয়া ফেলিয়াছেন। বৃহস্পতিবার প্রকাশিত আরবিআই-এর মাসিক বুলেটিনে বলা হইয়াছে, ২০২৪-২৫ সালের দ্বিতীয় প্রান্তিকে অর্থাৎ জুলাই-সেপ্টেম্বর ভারতীয় অর্থনীতিতে দ্রুত অগ্রগতির লক্ষণ দেখা যাইতেছে। কারণ কৃষিজাত উৎপাদনের ক্ষেত্রে দৃষ্টিভঙ্গির উন্নতি ঘটিয়াছে। গ্রামীণ জীবনযাপনে উন্নতির ফলে মানুষের ব্যয়ের পরিমাণ বাড়িয়াছে। এনএসএসও-র সাম্প্রতিক মাসিক মাথাপিছু খরচ (এমপিসিই) যাহা সমীক্ষায় উল্লেখ করা হইয়াছে, তাহা থেকে দেখা যাইতেছে যে, গ্রামীণ ব্যয় শহুরে অংশকে ছাপাইয়া যাওয়ায়, গ্রাম-শহরের ব্যবধান কমিয়া আসিতেছে।এর পিছনে রহিয়াছে ক্রমবর্ধমান আর্থিক লেনদেন।সম্প্রতি মজুরির হার বৃদ্ধি এবং শহুরে অভিবাসনের কারণে গ্রামীণ পরিবারগুলিতে রেমিট্যান্সের পরিমাণ বৃদ্ধি পাইয়াছে। আরবিআই-এর বুলেটিনে আরও বলা

হইয়াছে যে, এমন কিছু নির্দিষ্ট কারণ রহিয়ায়েছে যাহা, গ্রামীণ পরিবারগুলির ব্যয় ক্ষমতা বাড়াইয়া তুলিয়াছে। সমীক্ষায় প্রকাশিত হইয়াছে যে পরিবহন, চিকিৎসা ব্যয় এবং উপভোক্তা পরিষেবার ব্যয়, গ্রামীণ অঞ্চলে খাদ্যশস্য বাবদ ব্যয়ের চাইতে বেশি। উন্নয়নগুলি আশা জাগাইয়া তুলিয়াছে এবং গ্রামীণ ভারত ক্রমশ শহরাঞ্চলের জীবনশৈলীর সঙ্গে তাল মিলাইয়া চলিয়াছে।গ্রামীণ অঞ্চলের মানুষ ভোগ্যপণ্য অর্থাৎ এফএমসিজি-তে ব্যয় বাড়াইয়া দিয়াছেন। এর ফলে এই ধরনের পণ্য সংস্থাগুলি এর সুফল পাইতেছে , যাহা আয়ের আপগ্রেড স্টক মূল্যায়নকে বাড়াইয়া তুলিয়াছে। এই ধরনের পণ্য বিক্রির পরিমাণে উন্নতির ফলে মুদ্রাস্ফীতি সময় নিয়া কমিয়াছে।ভারতকে বৈশ্বিক উৎপাদন কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠিত করিতে হইলে, জিডিপির ২০-২৫ শতাংশে পৌঁছনো প্রয়োজন। উন্নয়নের শীর্ষে পৌঁছনোর পথ

হইল উৎপাদন বৃদ্ধি করা। এটি বৈদ্যুতিন, ফার্মাসিউটিক্যালস, টেক্সটাইল এবং অটোমোবাইলের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে কর্মসংস্থান বাড়াইয়া তুলিবে এবং ভারতীয় পণ্যগুলিকে আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক মানে পৌঁছিয়া দিবে।

## শনিবার তৃতীয় টেস্ট, গাব্বায় রয়েছে প্রবল বৃষ্টির সম্ভাবনা

ব্রিসবেন, ১৩ ডিসেম্বর (হি.স.) : রোহিত শর্মার টিম ইন্ডিয়া শনিবার ১৪ ডিসেম্বর থেকে ব্রিসবেনের আইকনিক গাব্বাতে ৫ ম্যাচের বর্ডার-গাভাস্কার ট্রফির তৃতীয় টেস্টে অস্ট্রেলিয়ার মুখোমুখি হওয়ার প্রস্তুতি নিচ্ছে। কিন্তু প্রবল বৃষ্টির সম্ভাবনা ম্যাচটিকে প্রভাবিত করতে পারে। সিরিজটি বর্তমানে ১-১ সমতায় রয়েছে। অস্ট্রেলিয়া পার্থ টেস্টে পরাজয়ের পর এডিলেডে গোলাপি বলের টেস্টে সমতা ফিরিয়েছে। এই টেস্টে উভয় দলই নিয়ন্ত্রণ নিতে আগ্রহী, কিন্তু আবহাওয়া বাধ সাধছে।

একটি আবহাওয়া ওয়েবসাইট অনুসারে, ১৪ ডিসেম্বর ব্রিসবেনে তাপমাত্রা উচ্চ আর্দ্রতার সাথে ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে বলে আশা করা হচ্ছে। বৃষ্টিপাতের সম্ভাবনা ৬০ু ছাড়িয়ে গেছে। সকালের সময় বজ্রঝড়ের সম্ভাবনা রয়েছে। ম্যাচটি, স্থানীয় সময় সকাল ১০.৫০ এএম ( ভারতীয় সময় ৫.৩০ এএম) শুরু হওয়ার সময়। বলা হচ্ছে প্রথম দিন বৃষ্টি খেলার বিঘ্ন ঘটাতে পারে।

## দক্ষিণ কাশ্মীরে আপেল বোঝাই ট্রাক উল্টে মৃত ২ জন

কুলগাম, ১৩ ডিসেম্বর (হি.স.) : দক্ষিণ কাশ্মীরের কুলগাম জেলার পোম্বাই গ্রামের রাস্তায় একটি আপেল বোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে মৃত্যু হয় দুজনের।

পুলিশ সূত্রে জানা গেছে, ট্রাকচালক নিয়ন্ত্রণ হারালে ট্রাকটি পোম্বাই গ্রামে রাস্তায় উল্টে যায়। ট্রাকটির মধ্যে ৪ জন ছিলেন, তাঁদের মধ্যে দুজন দুর্ঘটনার পরই বেরিয়ে আসতে সক্ষম হয়েছেন। কিন্তু বাকি দুজন গাড়ির নিচে আটকে পড়েন। পুলিশ ও স্থানীয় মানুষের সহযোগিতায় ওই দুজনকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। নিহতদের নাম রিয়াজ আহনাদ রাথার ও মুখতার আহমেদ ইতু। দুজনেই গোপালপোড়া কুলগামের বাসিন্দা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## বাংলাদেশ সীমান্তে নিজের বন্দুকের গুলিতেই জখম বিএসএফ জওয়ান

দক্ষিণ দিনাজপুর, ১৩ ডিসেম্বর (হি.স.) : নিজের রাইফেলের গুলিতেই বিদ্ধ হলেন বাংলাদেশ সীমান্তে কর্তব্যরত বিএসএফ জওয়ান। শুক্রবার দক্ষিণ দিনাজপুরের হিলি সীমান্তের গোবিন্দপুর এলাকায় ঘটনাটি ঘটেছে। বিএসএফ সূত্রে খবর, অসাবধানতায় রাইফেল চালিয়ে দিয়েছিলেন ওই জওয়ান।

বিএসএফ সূত্রে জানা গিয়েছে, জখম হওয়া ওই জওয়ানের নাম রাহুল সিংহ। তাঁর বয়স ২৪। বিএসএফের ১৭ নম্বর ব্যাটালিয়নের কনস্টেবল পদে রয়েছেন তিনি। কর্মরত ছিলেন হিলি সীমান্তের গোবিন্দপুর বিওপি-তে।বাহিনী সূত্রে খবর, গোবিন্দপুর সীমান্তে পাহারা দেওয়ার সময় অসাবধানতায় গুলি পিছন দিক থেকে কোমরের উপর দিয়ে পেট ফুঁড়ে বেরিয়ে গিয়েছে। রাহুলকে প্রথমে বালুরঘাট সুপার স্পেশ্যালিটি হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। তাঁকে অন্য হাসপাতালে স্থানান্তরিত করা হতে পারে বলে খবর। জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তল বলেন, “নিজের বন্দুক থেকে গুলি চলে আহত হয়েছেন বিএসএফ জওয়ান। খবরটা পেয়েছি। সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে।”

## চিনের পুরুষ ফুটবল দলের প্রাক্তন কোচ লি টাইকে দুর্নীতির দায়ে ২০ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত

বেজিং, ১৩ ডিসেম্বর (হি.স.) : চিনের পুরুষদের জাতীয় ফুটবল দলের প্রাক্তন কোচ লি টাইকে ২০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। দেশটির রাষ্ট্রীয় মিডিয়া শুক্রবার জানিয়েছে, দুর্নীতির অভিযোগে দীর্ঘ বিচারের পরে তিনি কারাদণ্ড পেলেনন চিনের দুর্নীতিবিরোধী কর্তৃপক্ষ ২০২২ সালে ক্রীড়া শিল্পের দুর্নীতির দিকে লক্ষ্য দিয়েছিল এবং প্রাক্তন ফুটবল কোচকে শাস্তি দিয়ে একটি দৃষ্টান্ত ঘোষণা করেছে।

# পাহাড় রক্ষায় ভাবতে হবে আমাদেরও

হীরক কর

প্রকৃতির অপরূপ দান পাহাড়। পর্বত সুরক্ষা করে প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায়। তাই পাহাড়ের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আজ পালিত হচ্ছে “আন্তর্জাতিক পর্বত দিবস”। কেননা, আজ ১১ ডিসেম্বর।

প্রতিবছর ১১ ডিসেম্বর বিশ্বব্যাপী দিবসটি পালিত হয়ে আসছে। পার্বত্য এলাকার মানুষের জীবনমান উন্নয়ন ও স্থায়ী ভবিষ্যতকে সামনে রেখে জাতিসংঘ ২০০৩ সালের ১১ ডিসেম্বরকে “আন্তর্জাতিক পর্বত দিবস” হিসেবে ঘোষণা করে। ২০১৬ সাল থেকে জাপানে এই দিবসটি উদযাপনে রাষ্ট্রীয় ছুটি থাকে।

পৃথিবীর প্রায় ২২ শতাংশই পার্বত্য অঞ্চল। এ অঞ্চলে পৃথিবীর প্রায় এক-দশমাংশ মানুষের বাস। এবং ৬০ থেকে ৮০ শতাংশ পানীয় জলের উৎস পাহাড়। আর ভারত তো পর্বত ময়। উত্তরে হিমালয় পর্বতমালা ছাড়াও মাঝে আরাবল্লী আর বিন্ধ্য পর্বত। আছে সাতপুরা পর্বতমালা। পশ্চিমে আরব সাগরের তীর ধরে পশ্চিমঘাট, পূর্বে বঙ্গোপসাগরের পাড় বরাবর পূর্বঘাট পর্বতমালা। আরও আছে খাসি বা জয়ন্তীর মত পাহাড়। পশ্চিমবঙ্গের শুশুনিয়া, অযোধ্যা, বিহারী নাথের মত পাহাড়ের কথা কে না জানে। দার্জিলিংয়ের পাহাড় তো বাঙালির প্রিয় ডেস্টিনেশন। সেখানে প্রতিনিয়ত অফবিট গন্তব্য আবিষ্কৃত হয়ে চলেছে।

পার্বত্য অঞ্চলের মানুষের জীবন অত্যন্ত বৈচিত্র্যময়। পর্বতমালা, নদ-নদী, বহু প্রজাতির উদ্ভিদ ও প্রাণী এ অঞ্চলকে করেছে বৈচিত্র্যপূর্ণ।

পর্বত আমাদের জন্য খুব গুরুত্বপূর্ণ একটি প্রাকৃতিক সম্পদ। পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় ১৫ শতাংশের বাস পর্বতে। পৃথিবীর জীববৈচিত্র্য সমৃদ্ধ হটস্পট এবং বিশুদ্ধ পানীয় জল সরবরাহকারীর উৎস বলা হয় পর্বতকে। দিবসটি পালনের উদ্দেশ্য হলো, আমাদের জীবনে পর্বতের গুরুত্ব সম্পর্কে সচেতনতা তৈরি করা। বিশ্বের বহু মানুষের জীবিকা পর্যটনের উপর নির্ভরশীল। সেই কারণে পর্বত পর্যটনকে টিকিয়ে রাখা বহু মানুষের জন্য গুরুত্বপূর্ণ। পর্বত পর্যটন যেমন বহু মানুষের জীবিকার ব্যবস্থা করতে পারে; তেমনই দারিদ্র্য দূর করে, সামাজিক মেলবন্ধন ঘটায় এবং প্রকৃতির ভারসাম্য বজায় রাখতেও সাহায্য করে। পর্যটনের মাধ্যমে প্রকৃতি, সংস্কৃতি, আধ্যাত্মিক ঐতিহ্য তুলে ধরার সুযোগ পাওয়া যায়। পর্বত পর্যটন স্থানীয় হস্তশিল্প, কারুশিল্প, উৎসবকে বহু মানুষের কাছে পৌঁছে দিতেও সাহায্য করে। বহু মানুষই পাহাড়ে বেড়াতে যেতে ভালবাসেন। তাঁদের জন্য আজকের দিনটি গুরুত্বপূর্ণ। নিয়মিত পাহাড়ে গেলে যেমন প্রকৃতির সঙ্গে একাত্মতা তৈরি হয়, তেমনই মন উদার হয়। যাঁরা পাহাড়ে বেড়াতে যান, তাঁদের দায়িত্ব হল প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখা। যত্রতত্র আবর্জনা ফেলে প্রাকৃতিক পরিবেশ নষ্ট করা কোনওভাবেই কাম্য নয়। দার্জিলিং-এ প্রাতঃ ভ্রমণে বেড়িয়ে দেখেছি

পুরসভা নয়, স্থানীয় বিশিষ্টজনেরা নিজেরাই রাস্তা ঝাড় দিয়ে পরিস্কার করছেন। এলিট মহিলারা প্লাস্টিক কুড়িয়ে পাহাড়কে সাফসুতরো করছেন। যাদের সঙ্গে একসময় প্রায়ই দেখা হত “জিমখানা ক্লাবে”। ওরা যথেষ্ট সচেতন। সচেতন হতে হবে দু’দিনের জন্য পাহাড়ে বেড়াতে যাওয়া আমাদেরও।

মুখ্যমন্ত্রীর কথা মত পাহাড় মোটেও হাসছে না। হ্যাঁ, ঠিকই



দার্জিলিং, কালিম্পং এর পাহাড়ে এখন গোর্খাল্যান্ড আন্দোলন স্তিমিত। সেই উগ্রপন্থা বা লাগাতার বনধের রাজনীতি নেই। কিন্তু এই নেই-য়ের সঙ্গে যুক্ত হয়েছে আরও অনেক কিছু নেই। ধরুন আমরা যে গ্রামে কাজ করি সেই গ্রাম দূরখোলা লাভা থেকে প্রায় ১৬ কিলোমিটার। তার আশেপাশে একটিও স্বাস্থ্য কেন্দ্র খুঁজে পাওয়া যাবে না। ওই গ্রামে কারোর কিছু হলে ছুড়তে হবে কালিম্পং সদর হাসপাতালে। আর দার্জিলিং এবং কালিংপং হাসপাতালের অবস্থা তথৈবচ। পাহাড়ের বহু জায়গায় স্কুল নেই। ছোট ছোট ছেলেমেয়েদের ৬-৭ কিলোমিটার হেঁটে স্কুলে পড়তে যেতে হয়। বিভিন্ন জায়গায় রাস্তার অবস্থা খুবই খারাপ। রাস্তার জন্যই রবীন্দ্রনাথের মংপুতে যেতে গায়ে জ্বর আসে। জায়গায় জায়গায় হিলকার্ট রোড খারাপ। বিভিন্ন গ্রামে লোডশেডিং নিত্য ঘটনা। ফলে অনেক সময় পাম্পে জল তোলা যায় না। পানীয় জলের সমস্যা দেখা দেয়। এছাড়াও বহু গ্রামে পানীয় জলের সমস্যা বিদ্যমান। তাই, পাহাড়ের বিভিন্ন মানুষের মধ্যে পুনরায় জেগে উঠছে গোর্খাল্যান্ডের স্বপ্ন। তাঁরা জিটিএ চেয়ারম্যান অনীত থাপা এবং তাঁর রাজনৈতিক দলকে তৃণমূলেরই শাখা সংগঠন বলে মনে করেন। মানে একই সিক্কার উল্টোপিঠ। তাঁদের ধারণা, তৃণমূলের মতই ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা (বিজিপিএম) -র সর্বেসর্বা শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। ফলে, পাহাড় এখনও হেসে ওঠে নি। পাথরে ফুল ফোটে নি।

ভূ-পৃষ্ঠের প্রায় ২৭ শতাংশজুড়ে রয়েছে পর্বতমালা। গাছপালা এবং প্রাণিদের আশ্রয়স্থল হিসেবে কাজ করে। ভাষা ও ঐতিহ্যের দিক থেকে বৈচিত্র্যময় সম্প্রদায়ের আবাসস্থলও এগুলো। তবে পর্বতগুলো জলবায়ু পরিবর্তনের প্রভাবে ধুঁকছে। তাই তাদের জীববৈচিত্র্য রক্ষার জন্য ব্যবস্থা নেওয়ার কথা মনে করিয়ে দেয়ার জন্য আন্তর্জাতিক পর্বত দিবস পালন করা গুরুত্বপূর্ণ।

দেশের পার্বত্যাঞ্চলেও প্রায়ই পাহাড় কাটার খবর আসে। পাহাড় জঙ্গল কেটে তৈরি করা হয়েছে হোটেল-রিসোর্ট। অযোধ্যা পাহাড়ের একাংশ কেটে বিরাট বিরাট প্রাসাদ সম হোটেল তৈরি করা হচ্ছে। খয়েড়বেরা ড্যামের কাছে রাজনৈতিক নেতাদের অঙ্গুলি হেলনে ফরেস্টেরই জমিতে অবৈধ ভাবে তৈরি হচ্ছে রিসোর্ট। তাতে বাধা দিতে গিয়ে অপরাধী হয়েছেন বাঘমুন্ডীর বিডিও। বন বিভাগের জমি দখল হয়ে গেছে বলে বিস্তারিত জানিয়ে জেলাশাসককে চিঠি লিখেছেন পুরুলিয়ার ডিএফও। জেলাশাসক উল্টে বিডিও-র ওপর হম্বিতম্বি করেছেন। কেননা, সর্বোচ্চ রাজনৈতিক নেতার চাপ, ওই রিসোর্ট করতে দিতে হবে। স্থানীয়রা জঙ্গল ও জমি রক্ষা আন্দোলন করেছেন।

তাতেও শেষ রক্ষা হয় নি। যা খুবই উদ্বেগজনক। দার্জিলিং-কালিম্পং -এর পাহাড় কেটে তৈরি হয়েছে বিলাসবহুল রিসোর্ট। সঙ্গে সুইমিং পুল। যত্রতত্র ব্যাঙের ছাতার মত গজিয়ে উঠেছে হোটেল এবং হোমস্টে। কোথাও কোথাও পাইন গাছের জঙ্গল কাটা পড়েছে। খোঁজ করলে দেখা যাবে যার অধিকাংশই বেআইনি।

পাহাড় কাটার ফলে বনাঞ্চল ধ্বংস হচ্ছে, ভূমি ধসের ঘটনাও ঘটছে। সবচেয়ে বড় কথা, পাহাড় কাটার ফলে পরিবেশ ভারসাম্য হারাচ্ছে, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ত্বরান্বিত হচ্ছে। তাছাড়া, পাহাড় পর্বত ধ্বংসের ফলে নদীর গতিপথ পরিবর্তিত হচ্ছে, জীববৈচিত্র্য বিনষ্ট হচ্ছে, পরিবেশে তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। কীভাবে ক্ষইতে থাকা পার্বত্য-প্রকৃতিকে ভিতর থেকে রক্ষা করা যায় তার সমাধান বের করাটাও এখন আমাদের মত পাহাড়-জঙ্গল নিয়ে কাজ করা স্বেচ্ছাসেবী সংস্থাগুলোর বড় লক্ষ্য। মানুষের জীবনে পর্বতের গুরুত্ব অপরিসীম। পৃথিবীর মোট স্থলভাগের এক চতুর্থাংশের চেয়েও বেশি প্রায় ২৭ শতাংশ জায়গা জুড়ে আছে বিস্তৃত পর্বতরাশি। এ পর্বতরাশি থেকে প্রত্যক্ষভাবে উপকৃত হচ্ছেন পৃথিবীর ২২ শতাংশ মানুষ। পৃথিবীর অধিকাংশ মানুষ যুগের পর যুগ পর্বত হতে আহরিত সম্পদ দ্বারা বিভিন্ন সুযোগ সুবিধা ভোগ করে আসছে।

পর্বতকে ধ্বংসের হাত থেকে রক্ষার কৌশল হিসেবে সারাবিশ্বে পর্বত দিবস পালিত হয়ে আসছে। আন্তর্জাতিকভাবে পর্বত দিবস উদযাপন করা বেশিদিন আগের কথা নয়। ১৮৩৮ সালে পর্বত দিবস প্রথম পালন করার আভাস পাওয়া যায়। যুক্তরাষ্ট্রের মাউন্ট হোলিওক কলেজের ছাত্ররা ঐ অঞ্চলের পর্বতকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য ক্লাস বর্জন করে হোলিওক পর্বতের দিকে যাত্রা শুরু করেন। পরে ১৮৭৭ সালে যুক্তরাষ্ট্রের স্মিথ কলেজ পর্বত দিবস উদযাপন করে। যুক্তরাষ্ট্রের জুনিয়েতা কলেজ তাদের পর্বত দিবসের ঘোষণা করে ১৮৯৬ সালে। যুক্তরাষ্ট্রের উত্তর-পূর্বাঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো এমনিভাবে পর্বত দিবস পালন করা শুরু করে। জনজীবনে পর্বতের গুরুত্ব যে অপরিসীম, তা অনুধাবন করে ২০০২ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে প্রতি বছর ১১ ডিসেম্বর ”আন্তর্জাতিক পর্বত দিবস” হিসেবে পালন করার ঘোষণা হয়। সেই প্রথম ২০০৩ সালের ১১ ডিসেম্বর সারা পৃথিবীতে “আন্তজাতিক পর্বত দিবস” পালিত হয়।

পৃথিবীর এক-চতুর্থাংশ স্থল, প্রাণী এবং গাছপালাও পাহাড় রয়েছে। পাহাড়ের আরেকটি ভূমিকা খাদ্যের সংস্থান। বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ খাদ্য শস্যের মধ্যে ছয়টি পাহাড়ে জন্মে। ২০৩০ সালের মধ্যে পর্বত ইকোসিস্টেম পুনরুদ্ধার করা-র মাধ্যমে পাহাড়ের ল্যান্ডস্কেপগুলোকে পুনরুজ্জীবিত এবং রক্ষা করাসহ পৃথিবীর ৩০ শতাংশ ভূমি, মহাসাগর, উপকূলীয় অঞ্চল এবং অভ্যন্তরীণ পানীয় জল রক্ষা করার মতো আশা সঞ্চারের ইঙ্গিত দিচ্ছে। জলবায়ু নিয়ন্ত্রণ এবং জল সরবরাহ পরিষেবা থেকে শুরু করে মাটি রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ পর্যন্ত, পর্বত আমাদের জীবন এবং জীবিকার অবলম্বন হিসেবে পরিগণিত হচ্ছে।

জলবায়ু পরিবর্তন এবং পাহাড়কে অতিরিক্ত শোষণ আমাদের মহিমান্বিত পর্বতগুলোকে বিপন্ন করে তুলেছে। ফলে পাহাড়ে বসবাসকারীদের জীবন-জীবিকাও হুমকির মুখে পড়েছে। পাহাড়ের মানুষ বিশ্বের সবচেয়ে দরিদ্রদের মধ্যে রয়েছে। তাঁদের এই বিপন্নতা নিয়ে বেঁচে থাকা আরও চ্যালেঞ্জিং করে তুলেছে। শতাব্দীর পর শতাব্দী ধরে, পার্বত্য সম্প্রদায়ের মানুষরা তাদের কঠোর পরিবেশের সাথে খাপ খাইয়ে নিতে, জলবায়ু পরিবর্তনের সাথে মোকাবিলা করতে, দারিদ্রদ্র্য হ্রাস করতে এবং পাহাড়ী অঞ্চলে জীববৈচিত্র্য এবং বাস্তুতন্ত্র রক্ষা বা পুনরুদ্ধার করার জন্য নিজেরাই সমাধান তৈরি করেছে। আন্তর্জাতিক পর্বত দিবস ২০২৪০-এর লক্ষ্য হল উদ্ভাবনী সমাধান, অভিযোজন কৌশলকে উৎসাহিত করা, এবং স্থায়ী ভবিষ্যতের জন্য। তরুণদের ক্ষমতায়ন করা।

যেহেতু জলবায়ু পরিবর্তন পাহাড়ে পরিবেশগত চাপকে বাড়িয়ে দেয়, তাই স্থিতিস্থাপকতা তৈরি করতে এবং দুর্বলতা হ্রাস করার জন্য অভিযোজন অপরিহার্য হয়ে ওঠে। পার্বত্য বাস্তুতন্ত্র এবং মানুষদের জন্য উপযোগী অভিযোজন কৌশলগুলোর মধ্যে রয়েছে দুর্যোগ ঝুঁকি হ্রাসের জন্য বাস্তুতন্ত্র-ভিত্তিক পন্থা এবং আদিবাসী জ্ঞান ব্যবস্থার একীকরণের মতো সমাধান। পর্বত সমাধানের দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণে তরুণদের সক্রিয়, অর্থবহ এবং অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ অপরিহার্য। তরুণরা জলবায়ু কর্ম, লিঙ্গ সমতা, সামাজিক ন্যায়বিচার, উদ্ভাবন, সংস্কৃতির প্রচার এবং অন্তর্ভুক্তির জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

জলবায়ু পরিবর্তনের ফলে পর্বতগুলোর নেতিবাচক প্রভাবের কারণে প্রায়শ স্থায়ী উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যাহত হচ্ছে। যার দরুন মানুষকে প্রতিনিয়ত জলবায়ু ঝুঁকি মোকাবিলা করতে প্রাণান্ত প্রচেষ্টা চালাতে হচ্ছে। জলবায়ু পরিবর্তন জলের প্রবাহকে সঙ্কটের মুখে ফেলেছে। দ্রুত ক্রমবর্ধমান তাপমাত্রা পাহাড়ের বিভিন্ন প্রজাতি এবং এই বাস্তুতন্ত্রের উপর নির্ভরশীল মানুষদের এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তর করতে বাধ্য করছে। বসতি বা অবকাঠামো গড়ে তোলার জন্য জঙ্গল পরিষ্কার করা, পর্বতের খাড়া ঢালে কৃষিকাজ করায় প্রতিনিয়ত মাটির ক্ষয় হচ্ছে এবং এর ফলে পাহাড়ের পাদদেশে গড়ে ওঠা আবাসস্থলগুলো প্রায়শই ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে। মাটি অবক্ষয়ের কারণে নিচের দিকে প্রবাহিত জলের গুণমানকে বিনষ্ট করছে। এভাবে ক্রমাগত জলবায়ু পরিবর্তনজনিত নেতিবাচক ধারা অব্যাহত থাকলে পাহাড়ী উদ্ভিদ এবং প্রাণী প্রজাতির সংখ্যা দিন দিন হ্রাস পাবে। স্থানীয় পর্বত প্রজাতির প্রায় ৮৫ শতাংশ পর্যন্ত বিলুপ্তির মুখোমুখি হবে বলে ধারণা করা হচ্ছে। যা পৃথিবীর পরিবেশের পক্ষে মারাত্মক সঙ্কট জনক।

রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদও সম্প্রতি স্থায়ী পর্বত উন্নয়নের ত্রিবার্ষিক রেজোলিউশনে ২০২৩-২০২৭ ‘পার্বত্য অঞ্চলের উন্নয়নে পাঁচ বছরের কর্মসূচি’ ঘোষণা করেছে। এর প্রকৃত উদ্দেশ্য হল পাহাড়ের জন্য অনুদান সহায়তা এবং বিনিয়োগে আকৃষ্ট করা। ‘সবুজ’ অর্থনীতি এবং প্রযুক্তির বিকাশ, পার্বত্য দেশগুলোর মধ্যে সহযোগিতা জোরদার করার প্রক্রিয়া তৈরি করা। স্থায়ী পর্বত উন্নয়নের ক্ষেত্রে বিজ্ঞান ও শিক্ষার বিকাশ ঘটানো এই কর্মসূচির একটি উদ্দেশ্য। পার্বত্য অঞ্চলের শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, যোগাযোগ, মোবাইল নেটওয়ার্কসহ প্রতিটি সেক্টরে আমূল পরিবর্তন হয়েছে। এখন বন ও জীববৈচিত্র্য রক্ষার দিকটি নিয়েও খুব বেশি ভাবা দরকার। শুধুমাত্র ”সরকার নয়; ভাবতে হবে আমাদেরও। তবেই পাথরে ফুটবে ফুল। **(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# ২০২৪ সালের প্রকৃতির সেরা ছবি


শেষ হলো ব্রিটিশ ইকোলজি সোসাইটির বার্ষিক ফটোগ্রাফি প্রতিযোগিতা। সেরা ছবি ও ফটোগ্রাফারদের নাম ঘোষণা করা হয়েছে। প্রতি বছরের মতো এবারো প্রকৃতির অপার সৌন্দর্য্য ক্যামেরাবন্দি করেছেন বিভিন্ন দেশের চিত্রগ্রাহকরা। বিজ্ঞানচিন্তার পাঠকদের জন্য সেখান থেকে বাছাই করা ১০ ছবি প্রকাশিত হলো। *আসহাবিল ইয়ামিন*

১. শুরু থেকে শেষ- ফটোগ্রাফার ড্যানি থম্পসন ফুলসহ গাছের এই ছবিটি তুলেছেন। একটাই গাছ, ফুল অনেকগুলো। কিন্তু প্রত্যেকটি ফুলের বয়স আলাদা। ছোট থেকে ধীরে ধীরে বড় হয়েছে ফুলগুলো। ইকুয়েডরের উঁচু পাহাড়ি জঙ্গলে হাঁটার সময় অ্যাবুটিলন মেগাপোটামিকাম নামে এই সুন্দর ফুলটি দেখতে পান। ছবিটি সব ক্যাটাগরি মিলিয়ে সেরা ছবির পুরস্কার পেয়েছে।

২. দ্য গ্লাস সিলিং- পরিত্যাক্ত চিংড়ির খামারে একটা গলদা চিংড়ি। অনেকটা আক্রমণাত্মক ভঙ্গিতে রয়েছে। ক্যামেরার আলো পরে চিংড়িটি সোনালি রং ধারন করেছে। ছবিটি তুলেছেন পোল্যান্ডের এক পরিত্যক্ত খামার থেকে তুলেছেন ফিলিপ জার্জিনস্কি। এখানে আরও শত শত গলদা চিংড়ি রয়েছে। সম্পূর্ণ খামারটি এখন ওদের দখলে। ফিলিপ এর নাম দিয়েছেন ‘দ্য গ্লাস সিলিং’। এই ছবিটি অ্যানিমেল বিভাগে সেরা ছবির পুরস্কার পেয়েছেন।

৩. খাবার ভাগাভাগি- ফিলিপ জার্জিনস্কির তোলা এই ছবিটিতে দেখা যাচ্ছে, দুটি পাখি একটা মাছ ভাগাভাগি করে খাচ্ছে। যুক্তরাজ্যের স্কেরিস দ্বীপপুঞ্জ থেকে ছবিটি তোলা হয়েছে। পাখি দুটির পালক সাদা, মাথা কালো ও ঠোঁট লাল। অনন্য এক ছবি। ‘নেটওয়ার্কস ইন নেচার’ বিভাগে ফিলিপের এই ছবিটি বিজয়ী হয়েছে।

৪. ব্যাঙের ছাতা- গাছের সঙ্গে বেড়ে উঠেছে ফ্ল্যামুলিনা স্পিসিস নামে একটি ছত্রাক। ডেনমার্কের কোপেনহেগেন শহরে একটি পার্কের থেকে ছবিটি তোলা হয়েছে। ‘প্ল্যান্টস অ্যান্ড ফুঙ্গি’ বিভাগে ছবিটি বিজয়ী হয়েছে। এটি তুলেছেন জেন রোজের।



৫. মুক্তি- গিনি প্রজাতন্ত্রের অন্ধকার থেকে উদ্ধার হয়ে আসা সাইমন। শিম্পাঞ্জিটি দীর্ঘদিন একটা খাঁচায় বন্দী ছিল। ছবিটি তুলেছেন রবার্তো গার্সিয়া-রোয়া। ‘অ সোল’ শিরোনামে ছবিটি ‘পিপল অ্যান্ড নেচার’ ক্যাটাগরিতে বিশেষ পুরস্কার পেয়েছে। ৬. শিকারিই যখন শিকার- পেরুর গভীর জঙ্গলে জীবন ও মৃত্যুর সঙ্গে লড়াই চলছে। লড়াইটা পম্পিলিড ওয়াস্প ও একটি মাকড়সার মধ্যে। রবার্তো গার্সিয়া-রোয়ারের এ ছবিতে প্রকৃতির খাদ্য শৃঙ্খলের চিত্র ফুটে উঠেছে। ৭. ড্রাগন ও সূর্য- এই ছবিটি অস্ট্রেলিয়ার ক্যানবেরা থেকে তোলা হয়েছে। এদের মুখের নিচের দাড়ির মতো কাঁটা থাকায় নাম রাখা হয়েছে বেয়ার্ডেড ড্রাগনস বা পোগোনা বারবাটা। বেঁচে থাকার জন্য এদের উচ্চ তাপমাত্রার প্রয়োজন হয়। তাই গাছের কোটর থেকে রোদ পোহাতে বেড়িয়েছে এটি। আর তখন ছবিটি তুলেছেন ড্যামিয়েন এসকেরে। এটিও অ্যানিমেল ক্যাটাগরিতে সেরা পুরস্কার পেয়েছে।

# কাজের সন্ধান

## রাজ্যে স্কুল লাইব্রেরিয়ান পদে নিয়োগ দরখাস্তের তারিখ বাড়িয়ে সুযোগ বৃদ্ধি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** রাজ্যে স্কুল লাইব্রেরিয়ান পদে চাকরির যোগ্যতা নির্নায়ক পরীক্ষার দরখাস্ত করার সময় সীমা ১১দিন বাড়ানো হলো। রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে স্কুল লাইব্রেরিয়ান পদে চাকরির যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা অর্থাৎ এস.টি.এস.এল-র জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরি সায়েন্স নিয়ে স্নাতক বা গ্র্যাজুয়েট পাশ। অথবা, গ্র্যাজুয়েটের পর স্বীকৃত প্রতিষ্ঠান থেকে লাইব্রেরি সায়েন্স নিয়ে এক বছরের ডিপ্লোমা পাশ হতে হবে। বাংলা অথবা ককবরক ভাষাজ্ঞান থাকা বাঞ্ছনীয়। এসসি/ এসটি/ শারীরিক ভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের ক্ষেত্রে কোয়ালিফাইং মার্কসের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় থাকবে। বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে এবং বিশেষ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এবং বয়সের ঊর্ধ্বসীমায় নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ১৭ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। লিখিত পরীক্ষা, কেন্দ্র আগরতলা, তারিখ ১৯ জানুয়ারি। বিজ্ঞপ্তির গুরুত্বপূর্ণ অংশ পুনরায় প্রকাশ করা হলো। বিস্তারিত খবর হলো — স্কুল লাইব্রেরিয়ান পদে উপযুক্ত গ্র্যাজুয়েট প্রার্থীদের নিয়োগের লক্ষ্যে আবশ্যক এস.টি.এস.এল বা সিলেকশন টেস্ট ফর স্কুল লাইব্রেরিয়ান - ২০২৪ পরীক্ষায় বসার জন্য উপযুক্ত প্রার্থীদের থেকে অনলাইনে দরখাস্ত জমা নেওয়া শুরু হয়েছে। ৬ ডিসেম্বর, বিকেল ৪টা পর্যন্ত অনলাইন প্রক্রিয়ায় আবেদন দাখিল করা যাবে। এঁদের ওয়েবসাইটে লগ অন করে দরখাস্ত সাবমিট করতে হবে। 'সিলেকশন টেস্ট ফর স্কুল লাইব্রেরিয়ান (এসটিএসএল) - ২০২৪' শীর্ষক পরীক্ষা গ্রহণ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর এফ. ২(১-১৮) জেন/ টিআরবিটি/ আরইসি/ ২০২৪/ ৬২১, তারিখ ৫ নভেম্বর, ২০২৪।

শূন্যপদগুলো হলো — পদের নাম ঃ স্কুল লাইব্রেরিয়ান ঃ শূন্যপদ ১২৫টি, এর মধ্যে ২১টি পদ এসসি এবং ৩৯টি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। এছাড়া, ৬৫টি পদ অসংরক্ষিত। তবে মোট ১২৫টি পদের মধ্যে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৫টি এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ২টি পদ সংরক্ষিত রয়েছে। শারীরিক প্রতিবন্ধীদের ৫টি পদের মধ্যে দৃষ্টিহীন এবং ক্ষীণদৃষ্টি সম্পন্নদের জন্য ২টি, শ্রবনজনিত প্রতিবন্ধী প্রার্থীর জন্য ২টি এবং চলন সংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য ১টি পদ সংরক্ষিত। তেমনি এক্স-সার্ভিসম্যানদের জন্য ২টি পদের মধ্যে ১টি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। এছাড়া, ১টি পদ অসংরক্ষিত। এছাড়া, সামগ্রিক হিসেবে এসসি (২১টি), এসটি (৩৯টি) এবং অসংরক্ষিত (৬৫টি) পদের ক্ষেত্রে ৩৩ শতাংশ পদ মহিলা প্রার্থীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরি সায়েন্স নিয়ে স্নাতক বা গ্র্যাজুয়েট পাশ। অথবা, গ্র্যাজুয়েটের পর স্বীকৃত প্রতিষ্ঠান থেকে লাইব্রেরি সায়েন্স নিয়ে এক বছরের ডিপ্লোমা পাশ হতে হবে। বাংলা অথবা ককবরক ভাষাজ্ঞান থাকা বাঞ্ছনীয়। এসসি/ এসটি/ শারীরিক ভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের ক্ষেত্রে কোয়ালিফাইং মার্কসের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় থাকবে। এছাড়া, এ বিষয়ে আরও বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে প্রদত্ত বিজ্ঞপ্তি দেখে নিতে হবে। বয়স হতে হবে, ০৬-১২-২০২৪ তারিখের হিসেবে অনূর্ধ্ব ৪০ বছর। তবে এসসি/ এসটি/ শারীরিক প্রতিবন্ধী অথবা সরকারি কর্মরত প্রার্থী হলে বয়সের উর্ধ্বসীমায় ৫ বছরের ছাড় রয়েছে। প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং বয়সের বিশেষ ছাড় সংক্রান্ত আরও বিস্তারিত জানতে পারেন অনলাইনে আবেদনের সময়, এঁদের ওয়েব সাইটে প্রদত্ত বিজ্ঞপ্তিতে। মূল মাইনে ত্রিপুরা স্টেট পে ম্যাট্রিক্স, ২০১৮ অনুযায়ী অর্থাৎ লেভেল-৯ অনুযায়ী বেসিক পে'র ৭৫ শতাংশ হিসেবে স্থির বেতন ২০,৪৭৫ টাকা।

উপযুক্ত ইচ্ছুক তরুণ-তরুণীরা এঁদের ওয়েবসাইটে লগ অন করে দরখাস্ত করতে পারেন ১৭ ডিসেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। দরখাস্তের সময় ডেভিট ও ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাঙ্কিং-এর মাধ্যমে নির্ধারিত পরীক্ষা ফি জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং চার্জ এবং অ্যাপ্লিকেশন খরচ অতিরিক্ত হিসেবে প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্ত করার সময় সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি এবং স্বাক্ষর স্ক্যান করে নির্দিষ্ট মাপ অনুযায়ী জেপিজি ফরম্যাটে আপলোড করে নেবেন। অবশ্যই আগে থেকে বৈধ ই-মেল আইডি এবং মোবাইল ফোন নম্বর প্রস্তুত রাখবেন দরখাস্তে উল্লেখ করার জন্য।

পরীক্ষা সংক্রান্ত মূল নোটিফিকেশন এবং অন্যান্য সকল তথ্য যেমন শিক্ষাগত যোগ্যতার সমস্ত মাপকাঠি, অনলাইনে দরখাস্ত করার যাবতীয় তথ্য ও নিয়মাবলী পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেল আইডি তৈরি করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, কম্পিউটার জেনারেটেড চালান বের করা ইত্যাদি যাবতীয় কৌশল ও গাইডলাইন এমনকি পরীক্ষার সিলেবাস, কোচিং, বিগত বছরে অন্যান্য রাজ্যে আয়োজিত টেট পরীক্ষার প্রশ্নোত্তর সহ বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে ২৬ নভেম্বর থেকে, চলবে ১৭ ডিসেম্বর পর্যন্ত। পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ ডিসেম্বর। আগামী ১৯ জানুয়ারি পরীক্ষা নেওয়া হবে। আড়াই ঘন্টার পরীক্ষা। বেলা ১২টা থেকে শুরু হয়ে চলবে আড়াইটা পর্যন্ত। এর জন্য আগে থেকে অর্থাৎ ৬ থেকে ১৩ জানুয়ারির মধ্যে এডমিট কার্ড ডাউনলোড করে নিতে হবে। পরীক্ষা নেওয়া হবে ১৫০ নম্বরের। সময় আড়াই ঘন্টা। কাট-অফ মার্ক ধরা হবে ৫০ শতাংশ অর্থাৎ ৭৫ নম্বর। তবে এসসি/ এসটি/ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে কাট-অফ মার্কে ৫ শতাংশ ছাড় রয়েছে। সেক্ষেত্রে ন্যূনতম ৬৮ নম্বর পেতে হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত জানিয়ে দেওয়া হবে কল লেটারের মাধ্যমে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* রেল মন্ত্রকের অধীনে **স্পোর্টস পার্সন** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ ডিসেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে ডক-ইয়ার্ডে **নন-এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৩৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ১৫ জানুয়ারি, কেন্দ্র বহিঃরাজ্যে, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাজ্য সরকারের অধীনে নির্দিষ্ট দপ্তরে **সিনিয়র ইনফরমেটিক্স অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ কম্পিউটার সায়েন্স নিয়ে বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর, লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **অ্যাসিস্ট্যান্ট, টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিপ্লোমা পাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর, পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় বিভিন্ন দপ্তরের অধীনে **এমটিএস, কো-অর্ডিনেটর, ক্লার্ক ইত্যাদি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২২৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ১০ম মান পাশ থেকে ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ ডিসেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* ত্রিপুরা রাজ্য সরকারের অধীনে **স্কুল লাইব্রেরিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয় নিয়ে ডিপ্লোমা বা ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। লিখিত পরীক্ষা ১৯ জানুয়ারি, কেন্দ্র আগরতলা, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে বীমা নিগমে **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট, পিজি পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৫ জানুয়ারি, কেন্দ্র কলকাতা, গুয়াহাটি সহ দেশের ৩২টি শহরে, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **প্রজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে পিজি ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ ডিসেম্বর, বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৮৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ ডিসেম্বর, বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কোস্ট গার্ড-এ **অ্যাসিস্ট্যান্ট কমান্ডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ, বয়স ঃ ২১-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* সি.এস.আর.আই-এ **পিএ, পার্সোনাল সেক্রেটারি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে পিজি পাশ, বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর, বাছাইকৃতদের বহিঃরাজ্যে সরাসরি ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর, বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* সুপ্রিম কোর্টে **কোর্ট মার্শাল, পিএ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ ডিসেম্বর, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* বহিঃরাজ্যের ব্যাঙ্কে **পি.ও, জুনিয়র এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ ডিসেম্বর, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **স্পোর্টস পার্সন (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৫৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ ডিসেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **নন-এক্সিকিউটিভ (ডক-ইয়ার্ড, কেন্দ্রীয় মন্ত্রক)**
শূন্যপদ ঃ ২৩৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ১৫ জানুয়ারি, কেন্দ্র বহিঃরাজ্যে, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিনিয়র ইনফরমেটিক্স অফিসার (ত্রিপুরা)**
টিপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ১২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ কম্পিউটার সায়েন্স নিয়ে বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর,
লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, টেকনেশিয়ান (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৮৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিপ্লোমা পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর,
পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এমটিএস, কো-অর্ডিনেটর, ক্লার্ক ইত্যাদি (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ২২৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ১০ম মান পাশ থেকে ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ ডিসেম্বর,
লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্কুল লাইব্রেরিয়ান (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ১২৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয় নিয়ে ডিপ্লোমা বা ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে,
লিখিত পরীক্ষা ১৯ জানুয়ারি, কেন্দ্র আগরতলা, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (বীমা নিগম, কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট, পিজিপাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৫ জানুয়ারি, কেন্দ্র কলকাতা, গুয়াহাটি সহ দেশের ৩২টি শহরে, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **প্রজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১৫২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে পিজি ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ ডিসেম্বর,
বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৫৮৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ ডিসেম্বর,
বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট কমান্ডেন্ট (কোস্ট গার্ড),**
শূন্যপদ ঃ ১৪০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **পিএ, পার্সোনাল সেক্রেটারি (সিএসআরআই),**
শূন্যপদ ঃ ৯৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে পিজি পাশ,
বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর,
বাছাইকৃতদের বহিঃরাজ্যে সরাসরি ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৩৭৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর,
বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **কোর্ট মার্শাল, পিএ (সুপ্রিম কোর্ট),**
শূন্যপদ ঃ ১০৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ ডিসেম্বর,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **পি.ও, জুনিয়র এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট (বহিঃরাজ্যের ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৩৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ ডিসেম্বর,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## সরকার পরিচালিত প্রজেক্ট মিশনে ৯৬ জন এমটিএস, কমিউনিটি ওয়ার্কার নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা সরকারের অধীনে বিভিন্ন দপ্তরে, বিশেষ করে বিভিন্ন দপ্তর ও মিশনে এমটিএস, ভিলেজ কমিউনিটি ওয়ার্কার, কনটেন্ট ক্রিয়েটর ইত্যাদি পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। নিয়োগ হবে অনুমোদিত সোসাইটি 'সফেদ'-এর মাধ্যমে। শূন্যপদ ঃ ৯৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ১০ম মান পাশ থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ ডিসেম্বর, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। যদিও এই নিয়োগের পুরো দায়িত্ব 'সফেদ' অর্থাৎ সোসাইটি ফর এন্টারপ্রেনারশীপ ডেভেলপমেন্ট-এর হাতে। বিজ্ঞপ্তি নম্বরঃ নং এসইডি/ স্টোর / এডভারটাইজমেন্ট/ ৮(২২)/ ২০২০/ পি-১/ ৬৭৫৩, তারিখ ৩০-১১-২০২৪ সেহামূলে 'সফেদ'-এর মেম্বার সেক্রেটারি কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তিতে এই শূন্যপদের কথা জানিয়ে দরখাস্ত আহ্বান করা হয়েছে। মোট কথা, ত্রিপুরা সরকারের অধীনে বিভিন্ন দপ্তর ও মিশনে এমটিএস, ভিলেজ কমিউনিটি ওয়ার্কার, কনটেন্ট ক্রিয়েটর ইত্যাদি পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ১০ম মান পাশ থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ ডিসেম্বর, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অভিজ্ঞতার পাশাপাশি, ১৮-১২-২০২৪ তারিখের হিসেবে নির্দিষ্ট বয়সের সীমারেখায় থাকলে অনলাইনে দরখাস্ত জমা করতে পারেন, এঁদের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ্ অন করে।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ইত্যাদির মাধ্যমে, পুরোপুরি মেরিট ভিত্তিতে। পরীক্ষার দিনক্ষণ ও স্থান স্থির হয়নি। নির্ধারিত সময়ে এঁদের ওয়েবসাইটে অথবা কল লেটারে সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের নিজস্ব ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে প্রয়োজনে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ১৮ ডিসেম্বরের মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১৮ ডিসেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। প্রয়োজনে সেগুলো আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন নির্দিষ্ট সময় পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্ট অর্থাৎ ইউপিআই/ নেট ব্যাঙ্কিং-এ পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন প্রসেসিং ফি বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের ২ কপি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন।

শূন্যপদগুলি হল — আইটেম নং - ১ ঃ ডিজিটাল এডিটর, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। আইটেম নং - ২ ঃ ডিজিটাল কনটেন্ট ক্রিয়েটর, শূন্যপদ ২টি, একটি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত, অপর পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৩ ঃ ট্রান্সলেটর (কক-বরক), শূন্যপদ ২টি, একটি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত, অপর পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৪ ঃ ট্রান্সলেটর (হিন্দি), শূন্যপদ ২টি, একটি পদ এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত, অপর পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৫ ঃ লাইট অপারেটর, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৬ ঃ এ সি অপারেটর, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৭ ঃ টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ১টি, পদটি অসংরক্ষিত। আইটেম নং - ৮ ঃ ভিলেজ কমিউনিটি ওয়ার্কার, শূন্যপদ ৭৮টি, ২৪টি পদ এসটি এবং ১৩টি পদ এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত, অবশিষ্ট ৪১টিপদ অসংরক্ষিত। এছাড়া, সেন্টার এডমিন, কেস ওয়ার্কার, ড্রাইভার ট্রেনার, এমটিসে ইত্যাদি সহ সব ক'টি পদের ক্ষেত্রেই নিয়োগ হবে পুরোপুরি চুক্তিভিত্তিক, ১১ মাসের জন্য। প্রতিটি পদের ক্ষেত্রে শূন্যপদের বিভাজন, নিয়োগকারী দপ্তর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের সীমারেখা এবং মূল মাইনে ভিন্নতর। সমস্ত কিছুই দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইটে লগ্ অন করে অথবা প্রকাশিত বিজ্ঞাপন থেকে।

## অনলাইনে দরখাস্ত পাঠিয়ে পরীক্ষা ছাড়াই কর্পোরেট সেক্টরে ৫৮৮ এপ্রেন্টিস নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে বিভিন্ন কর্পোরেট সেক্টরে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে কয়েক হাজার হলেও এন.এল.সি লিমিটেডে ৫৮৮টি। শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা পাশ থেকে শুরু করে গ্র্যাজুয়েট পর্যন্ত সকলেই আবেদন করতে পারেন। অধিক নম্বর হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ ডিসেম্বর। মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। এন.এল.সি-এর ক্ষেত্রে বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর জন্য পরে ডাকা হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা যে-কোনও একটির ট্রেডের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্যান্য কর্পোরেট সেক্টরের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ২৩ ডিসেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৩ ডিসেম্বর। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। পেশাগত অন্যান্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের এক্ষেত্রে বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন কর্পোরেট সেক্টরের নির্দিষ্ট ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। আবেদন করার কৌশল বা পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে ফোনে যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় কেন্দ্রীয় সরকারের আন্ডারটেকিং এধরনের কর্পোরেট সেক্টরে ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। পরবর্তী সময়ে ওই সমস্ত কর্পোরেট সেক্টরে চাকরির ক্ষেত্রে এপ্রেন্টিস সার্টিফিকেট অর্জনকারীদের বিশেষ সুবিধা দেওয়া হয়। আর.সি.এফ-এ ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২৩-১২-২০২৪-এর হিসেবে ১৮ থেকে ২৮ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - এন.এল.সি / এল এন্ড ডিসি. ০৪/২০২৪/ এপ্রেন্টিস। তারিখ ৯ ডিসেম্বর, ২০২৪। ডিসিপ্লিন অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — ক্রমিক নং (১) ঃ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ৮৪টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ৭৭টি। ক্রমিক নং (২) ঃ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ৮১টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ৭৩টি। ক্রমিক নং (৩) ঃ সিভিল ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ২৬টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ১৯টি। ক্রমিক নং (৪) ঃ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ১২টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ৭টি। ক্রমিক নং (৫) ঃ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ১০টি। ক্রমিক নং (৬) ঃ মাইনিং ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ৪৯টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ৩০টি। ক্রমিক নং (৭) ঃ কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ৪৫টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ১৮টি। ক্রমিক নং (৮) ঃ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ৪টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ৮টি। ক্রমিক নং (৯) ঃ নার্সিং, গ্র্যাজুয়েট এপ্রেন্টিস ২৫টি, টেকনেশিয়ান এপ্রেন্টিস ২০টি।

সামগ্রিক হিসেবে মোট ৫৮৮টি শূন্যপদের মধ্যে এসসি'র জন্য, এসটি'র জন্য, ওবিসি প্রার্থীর জন্য এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। অবশিষ্ট পদগুলো অসংরক্ষিত। এর মধ্যে আবার ৪ শতাংশ আসন শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত। প্রতিটি পদের যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, প্রতি মাসের মূল মাইনে বা স্টাইপেন্ড, প্রসেসিং ফি, আবেদন করার কৌশল ইত্যাদি জানার জন্য এঁদের ওয়েবসাইটে লগ অন করে জেনে নিতে হবে। প্রয়োজনে প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ স্থাপন করেও জেনে নিতে পারেন।

# ফরাক্কার বালিকাকে ধর্ষণ ও খুনে এক জনের ফাঁসি, এক জনের যাবজ্জীবন

মুর্শিদাবাদ, ১৩ ডিসেম্বর (হি.স.) : ফরাক্কায় নাবালিকাকে ধর্ষণ-খুনের ঘটনায় দু'মাসের মধ্যে বিচার শেষ করে বৃহস্পতিবারই দুই অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছিল জঙ্গিপুর আদালত। শুক্রবার রায় ঘোষণাও হয়ে গেল।

দোষীদের এক জনের ফাঁসি হয়েছে। অন্য জনের যাবজ্জীবন কারাবাসের নির্দেশ দিয়েছেন বিচারক। পাশাপাশি মৃতার পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণেরও নির্দেশ দেওয়া হয়।

বৃহস্পতিবার দুই অভিযুক্ত দীনবন্ধু হালদার এবং শুভজিৎ হালদারকে দোষী সাব্যস্ত করে শুক্রবার রায় ঘোষণা করে জঙ্গিপুর ফাস্ট ট্র্যাক কোর্ট। দীনবন্ধু হালদারের ফাঁসির সাজা হয়। আর শুভজিৎ হালদারের যাবজ্জীবন কারাদণ্ড। সূত্রে খবর, ময়নাতদন্তের রিপোর্টে ধর্ষণের ইঙ্গিত মিলেছিল। পাশাপাশি, নির্যাতিতার শরীরের একাধিক জায়গায় আঘাতের চিহ্নও পাওয়া গিয়েছিল। ময়নাতদন্তে দেখা গিয়েছে, মেঝেতে মাথা থেঁতলে খুন করা হয়েছিল নির্যাতিতাকে। তার গলার হাড়ও ভেঙে গিয়েছিল। তদন্তকারীদের সূত্রে জানা গিয়েছে, নাবালিকাকে খুনে ব্যবহৃত কাপড়ের টুকরো, তার পরনের রক্তমাখা পোশাক ফরেনসিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছিল। ঘটনাস্থল থেকে সংগ্রহ করা হয়েছিল হাতের ছাপ। দীনবন্ধুর বাড়ির কলপাড়ে দু'টি সিগারেটের অবশিষ্টাংশ উদ্ধার করেছিলেন তদন্তকারীরা। ফরেনসিক পরীক্ষায় দেখা গিয়েছিল, ওই সিগারেট দু'টিতে গাঁজা ভরে খেয়েছিলেন দুই অভিযুক্ত। ওই সিগারেটের নমুনার সঙ্গে নাবালিকার পোশাকে লেগে থাকা বীর্যের নমুনা মিলে গিয়েছিল। গণধর্ষণের ক্ষেত্রে যা গুরুত্বপূর্ণ প্রমাণ হিসাবে আদালতে গ্রহণযোগ্য হয়। ঘটনাচক্রে, ফরাক্কার ঘটনাও ঘটেছিল আর জি কর আন্দোলনের আবহে, গত অক্টোবর মাসেই।



থাইল্যান্ডের প্রতিরক্ষা বিষয়ক উপ-স্থায়ী সচিব জেনারেল থারাপোং মালাকাম শুক্রবার নতুন দিল্লিতে প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং-এর সাথে সাক্ষাৎ করছেন।

## সন্দীপ-অভিজিতের জামিন, সুকান্ত বিঁধলেন পুলিশ প্রশাসনকে

কলকাতা, ১৩ ডিসেম্বর (হি.স.): আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসককে ধর্ষণ এবং খুনের মামলায় শুক্রবারই জামিন পেয়েছেন কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডল। কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অবশ্য বিঁধতে ছাড়েননি পুলিশ প্রশাসনকে।

সুকান্তবাবুর কথায়, ”দুটো মামলায় গ্রেফতার করা হয়েছিল দু”জনকে। স্বাভাবিক ভাবেই খুন এবং ধর্ষণের যে মামলা তাতে জামিন পেয়েছে। একটায় পায়নি। আমি আগে থেকে বলে এসেছি, পাঁচ দিন ধরে পুলিশ ঘটনাস্থলে যে তাণ্ডব নৃত্য করেছিল তার পর কোনও প্রমাণ পাওয়া যাবে না সেটা নিশ্চিত ছিল। গরু-ছাগলের মতো চারণভূমিতে ঘুরে বেরিয়েছে পুলিশ। এরপর আর কী করতে পারে সিবিআই?”

অন্যদিকে, এবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে কাঠগড়ায় তুলে বৃহত্তর আন্দোলনের ডাক দিয়েছে জুনিয়র ডাক্তারদের একাংশ। চিকিৎসক-নেতা অনিকেত বলেন, ‘সিবিআই তদন্ত মানেই বিচার পেয়ে গেছি এমনটা নয়। আমরা সুস্থ ও স্বাভাবিক সমাজ চাই। আপনারা ভেবে দেখুন কাদের সঙ্গে থাকবেন।'

## ঘুরে দাঁড়াল শেয়ার বাজার, ৮২ হাজারের গণ্ডি পেরলো সেনসেক্স

মুম্বই, ১৩ ডিসেম্বর (হি. স.) : অবশেষে চাঙ্গা শেয়ার বাজার। শুক্রবার ৮২ হাজারের গণ্ডি পেরলো সেনসেক্স। অন্য দিকে নিফটি ৫০-এর সূচক চড়েছে ২০০ পয়েন্টের বেশি। বাজার ঊর্ধমুখী হওয়ায় বেজায় খুশি লগ্নিকারীরা। ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে এই ধারা বজায় থাকবে বলেই আশাবাদী অধিকাংশ ব্রোকারেজ ফার্ম।

এদিন বম্বে স্টক এক্সচেঞ্জ (বিএসই) বন্ধ হওয়ার পর দেখা যায় ৮২,১৭৭.৯২ পয়েন্টে গিয়ে থেমেছে সেনসেক্স। বিএসইতে ৮৮৭.৯৬ পয়েন্টের বৃদ্ধি দেখা গিয়েছে। সেটি প্রায় ১.০৯ শতাংশ। সকালে ৮১,২১২.৪৫ পয়েন্টে খোলে বাজার। দিনের মধ্যে সর্বোচ্চ ৮২,২১৩.৯২ পয়েন্টে উঠেছিল সেনসেক্স।

অন্য দিকে, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের (এনএসই) সূচক চড়েছে ২৪,৭৬৮.৩০ পয়েন্ট। অর্থাৎ নিফটি ৫০-তে ২১৯.৬০ পয়েন্টের ঊর্ধগতি দেখা গিয়েছে। শতাংশের নিরিখে সেটি প্রায় ০.৮৯। এ দিন ২৪,৪৯৮.৩৫ পয়েন্টে খোলে এই বাজার। নিফটি ৫০ দিনের মধ্যে সর্বোচ্চ ২৪,৭৯২.৩০ পয়েন্ট উঠেছে।

ব্রোকারেজ ফার্মগুলির দেওয়া তথ্য অনুযায়ী, ১,৭৪১টি শেয়ারের দর বৃদ্ধি পেয়েছে। দাম কমেছে ২,০৮৬টি স্টকের। আর ১১৪টি শেয়ারের দামের কোনও পরিবর্তন হয়নি। বিএসইতে ছোট ও মাঝারি পুঁজির সংস্থাগুলির স্টকে দিনভর তেমন কোনও অস্থিরতা দেখা যায়নি। গাড়ি নির্মাণকারী, ব্যাঙ্ক, এফএমসিজি এবং টেলিকম সংস্থাগুলির স্টকের দাম বৃদ্ধি পেয়েছে ০.৫ থেকে ২ শতাংশ। অন্য দিকে রিয়্যাল এস্টেট, সংকর ধাতু এবং গণমাধ্যম কোম্পানিগুলির শেয়ারের সূচক নেমেছে ০.৫ শতাংশ।

নিফটিতে সর্বাধিক লাভবান হয়েছেন ভারতী এয়ারটেল, কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক, আইটিসি, আল্ট্রাটেক সিমেন্ট এবং হিন্দুস্তান ইউনিলিভারের শেয়ারে লগ্নিকারীরা। শ্রীরাম ফিন্যান্স, ইন্দাসইণ্ড ব্যাঙ্ক, টাটা স্টিল, হিন্দালকো ও জেএসডব্লু স্টিলের স্টকে বিনিয়োগকারীদের সবচেয়ে বেশি লোকসানের মুখ দেখতে হয়েছে।

## শিলচরে কাছাড় জেলায় নতুন রেশন কার্ড সম্পর্কিত পর্যালোচনা সভা মন্ত্রী কৌশিকের

শিলচর (অসম), ১৩ ডিসেম্বর (হি.স.) : জনকল্যাণের মানোন্নয়ন ও রেশন বিতরণ ব্যবস্থাকে আরও স্বচ্ছ করতে কাছাড় জেলার জন্য নতুন রেশন কার্ড বিতরণ প্রক্রিয়ার অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে আজ শুক্রবার শিলচরে কাছাড় জেলাশসকের কার্যালয়ে নবনির্মিত সভাকক্ষে এক উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের নেতৃত্ব দেন রাজ্য সরকারের খাদ্য, গণবণ্টন, ভোক্তা সুরক্ষা ও আইনি পরিমাপ, খনিজ ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই।বৈঠকে উপস্থিত ছিলেন কাছাড়ের জেলাশাসক মৃদুল যাদব, শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী, উধারবন্দের বিধায়ক মিহিরকান্তি সোম এবং ধলাইয়ের বিধায়ক নিহাররঞ্জন দাস। এছাড়া ড. ধ্রুবজ্যোতি হাজরিকা, কাছাড়ের অতিরিক্ত জেলাশাসক খাদ্য, গণবন্টন ও ভোক্তা সুরক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহ অন্যান্য দফতরের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পর্যালোচনা বৈঠকে মন্ত্রী কৌশিক রাই বলেন, ‘প্রত্যেক উপযুক্ত উপভোক্তাকে দ্রুত রেশন কার্ড প্রদান নিশ্চিত করতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ।' তিনি জমা পড়া আবেদনগুলির বর্তমান অবস্থা পর্যালোচনা করেন এবং প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। মন্ত্রী জানান, রেশন বিতরণ ব্যবস্থায় স্বচ্ছতা ও সুষ্ঠু ব্যবস্থা বজায় রাখাই সরকারের মূল লক্ষ্য, যাতে সুবিধাবঞ্চিত শ্রেণিগুলি সঠিকভাবে উপকৃত হয়। বিধায়কগণও তাঁদের নির্বাচনী এলাকার সমস্যাবলি তুলে ধরে মতামত প্রদান করে সাধারণ মানুষের দাবিদাওয়া বৈঠকে উপস্থাপন করেন।

সভা শেষে আবেদন প্রক্রিয়া সহজীকরণ, জনসচেতনতা বৃদ্ধি এবং নতুন রেশন কার্ড বিতরণের সুষ্ঠু বাস্তবায়নের জন্য কার্যকরী নির্দেশনা দেওয়া হয়। মন্ত্রী রাই জেলা প্রশাসনের প্রচেষ্টাকে সাধুবাদ জানান এবং সকল অংশীদারদের সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান, যাতে বরাক উপত্যকার জনকল্যাণমূলক কাজগুলিকে আরও জোরদার করা যায়। শিলচরের তথ্য ও জনসংযোগ বিভাগের আঞ্চলিক কার্যালয় থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়েছে।

## ভারতমালা প্রকল্প : প্রথম পর্যায়ে ১৮ হাজার কিলোমিটারের বেশি হাইওয়ে সম্পন্ন

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ গত ১০ বছরে পরিবহণ পরিকাঠামোতে অভূতপূর্ব বৃদ্ধি প্রত্যক্ষ করেছে। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী। শুক্রবার নতুন দিল্লিতে সংবাদ মাধ্যমকে সম্বোধন করে মন্ত্রী পঙ্কজ চৌধুরী বলেছেন, জাতীয় মহাসড়ক নেটওয়ার্ক ১.৬ গুণ বেড়েছে, ২০১৪ সালে প্রায় ৯১,২৮৭ কিলোমিটার জাতীয় মহাসড়ক ছিল, যা এখন এই বছরের নভেম্বরে ১ লক্ষ ৪৬ হাজার ১৯৫ কিলোমিটারে বেড়েছে।

কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী উল্লেখ করেছেন, ভারতমালা প্রকল্পের অধীনে, প্রথম পর্যায়ে ৩৪,৮০০ কিলোমিটার জাতীয় মহাসড়ক নির্মাণ করা হবে এবং প্রায় ১৮,৭১৪ কিলোমিটার কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে।

## “কোথায় বিচার চাইবে সাধারণ মানুষ”, হতাশ অনিকেত-আসফাকুল্লা

কলকাতা, ১৩ ডিসেম্বর (হি.স.): “কোথায় বিচার চাইবে সাধারণ মানুষ? সেই প্রশ্ন উঠে আসছে। তদন্তের দীর্ঘসূত্রিতা নিয়েও প্রশ্ন উঠেছে।” শুক্রবার আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডল সিবিআইয়ের মামলার শুনানীতে জামিন পাওয়ায় এই ন্তব্য করলেন আন্দোলনকারী চিকিৎসক-ছাত্রনেতা অনিকেত মাহাতো।

তিনি বলেন, তথ্যপ্রমাণ লোপাটের অভিযোগ রয়েছে ওই দু'জনের বিরুদ্ধে। তার পর যদি এই অবস্থা হয়, তা হলে সাধারণ মানুষ কোথায় যাবেন?”

বিচারের দাবির পাশাপাশি হাসপাতালগুলিতে উন্নত স্বাস্থ্য পরিকাঠামোর দাবিতে এবং ‘থ্রেট কালচার' বা ‘হুমকি সংস্কৃতি'-র বিরুদ্ধে সরব হয়েছেন আর জি কর মেডিক্যাল কলেজের জুনিয়র ডাক্তার আসফাকুল্লা নাইয়া। শুক্রবার প্রাক্তন অধ্যক্ষ সন্দীপের জামিন প্রসঙ্গে তিনি বলেন, “এত আন্দোলনের পর এই নির্দেশ সত্যিই হতাশার। শুধু চিকিৎসকদের জন্য নয়, সারা বাংলার যে সমস্ত মানুষ আর জি করের ঘটনার প্রতিবাদে রাস্তায় নেমেছিলেন, এখনও প্রতিবাদ করছেন, তাঁদের প্রত্যেকের কাছে হতাশা এবং ক্ষোভের বিষয় এটা।”

আসফাকুল্লার সংযোজন, “যাঁরা অন্যায়কে অন্যায় বলেছেন, যাঁরা পথে নেমেছিলেন, তাঁরা আজ হতাশ। সিবিআই ৯০ দিনের মধ্যে একটি ঘটনার চার্জশিট দিতে পারল না এবং তাদের পক্ষ থেকে বলা হল আরও সময় লাগবে! এত সময় নিয়েও যখন তারা চার্জশিট দাখিল করতে পারল না, তখন সেটা নিয়ে প্রশ্ন ওঠেই।”

## সন্দীপের জামিনে ‘হতাশ' চিকিৎসক মহলের একাংশ, সিবিআই দফতর ঘেরাওয়ের ডাক

কলকাতা, ১৩ ডিসেম্বর (হি.স.): আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডল জামিন পাওয়ায় হতাশ আন্দোলনকারী জুনিয়র ডাক্তারেরা। তবে হতাশ হলেও তাঁদের প্রতিবাদ থামবে না। বরং আরও বড় করে আন্দোলনের বার্তা দিলেন জুনিয়র ডাক্তারেরা। অন্য দিকে, চিকিৎসকদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম জানিয়েছে, শনিবারই সিবিআই দফতর ঘেরাও করবে তারা। সন্দীপ এবং অভিজিতের জামিন মঞ্জুরের ঘটনায় সার্ভিস ডক্টর্স ফোরামের তরফে চিকিৎসক সজল বিশ্বাস

## দুই প্রধান অভিযুক্তর জামিন মঞ্জুরে হতাশায় ডুবেছেন অভয়ার মা-বাবা

কলকাতা, ১৩ ডিসেম্বর (হি.স.): আর জি কর হাসপাতালের ভিতরে তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের মতো গুরুতর ঘটনার সিবিআই তদন্তের মামলায় শুক্রবার শিয়ালদহ আদালতে হাসপাতালের তৎকালীন প্রিন্সিপাল সন্দীপ ঘোষ এবং থানার কর্তব্যরত ওসি অভিজিৎ মণ্ডলের জামিন মঞ্জুর হয়েছে। আর এই ঘটনায় স্পষ্টতই হতাশায় ডুবেছেন অভয়ার মা-বাবা।

তাঁদের মনে হচ্ছে, মেয়ের সুবিচারের দাবিতে এত আন্দোলন বুঝি বৃথাই গেল! আর তাই এই খবর শুনে সংবাদমাধ্যমের কাছে অভয়ার মায়ের সাফ বক্তব্য, ”আমি তো আর সিবিআই নই, হলে আমিই কাজটা করে দিতাম।”

জামিনের খবর পেয়ে কার্যত স্তম্ভিত অভয়ার পরিবার। সাময়িক বিস্ময় কাটিয়ে দানা বাঁধল একরাশ ক্ষোভ আর হতাশা। সংবাদমাধ্যমকে অভয়ার মা বললেন, ”এই ঘটনায় আমি খুবই হতাশ। বলার মতো কোনও কথা নেই আমাদের কাছে। সিবিআই ৯০ দিনের মধ্যে চার্জশিট না দিতে পারায় তাঁদের জামিন হয়ে গেল! আর কী বলার আছে?” এরপর সিবিআইকে তোপ দেগে তাঁর আরও মন্তব্য, ”আমি তো আর সিবিআই নই, হলে আমিই কাজটা করে দিতাম।”

## আল্লু অর্জুনের গ্রেফতারে হতাশ রশ্মিকা মন্দানা

হায়দরাবাদ, ১৩ ডিসেম্বর (হি.স.): দক্ষিণী অভিনেতা আল্লু অর্জুন গ্রেফতার হওয়ায় নিজের হতাশা ব্যক্ত করলেন রশ্মিকা মন্দানা। তিনি বলেন, আমি যা দেখছি তা বিশ্বাস করতে পারছি না.. যে ঘটনাটি ঘটেছে তা দুর্ভাগ্যজনক এবং গভীর দুঃখজনক ঘটনা। কিন্তু একজন ব্যক্তির উপর সবকিছু দোষ দেওয়া হচ্ছে দেখে হতাশা লাগছে। এই পরিস্থিতি অবিশ্বাস্য এবং হৃদয়বিদারক।

উল্লেখ্য, গত ৪ ডিসেম্বর হায়দরাবাদের সন্ধ্যা থিয়েটারে ‘পুষ্পা ২' ছবির প্রিমিয়ারে পদপিষ্ট হয়ে এক মহিলার মৃত্যু হয়। আহত হন বেশ কয়েকজন।

## আর জি কর-কাণ্ডে দুই ধৃতের জামিনের ঘটনা ‘ন্যক্কারজনক', তোপ সুজনের

কলকাতা, ১৩ ডিসেম্বর (হি.স.): সিবিআই তদন্তে সন্দীপ-অভিজিতের জামিনের ঘটনা ‘ন্যক্কারজনক' বলেই মনে করছেন সিপিএম নেতা সুজন চক্রবর্তী।

তাঁর কথায়, এটা ন্যক্কারজনক। আমরা আগেই বলেছিলাম যে, দিল্লির বিজেপি আর আমাদের রাজ্যের সরকার খেলাটা বুঝে নিয়েছে। এটা স্পষ্ট হয়ে গেল। যারা মনে করেছিল যে তৃণমূলের এই অপরাধিদের বুঝি বিজেপি খানিকটা আটকাবে, সেটা ভুল প্রমাণ হল। বরং বিজেপি এদের সাহায্য করবে।”

সুজন বলেন, ”যে বাহিনী হাথরস কাণ্ডে তদন্তে ধামাচাপা দিয়ে মোদীকে খুশি করেছিল, সিবিআইয়ের সেই বাহিনীই অভয়া কাণ্ডের তদন্তে স্বভাবতই মমতাকে খুশি করল।”

প্রসঙ্গত, আর জি করের নির্যাতিতার সুবিচারের দাবিতে প্রথম থেকেই ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট দাঁতে দাত চেপে লড়াই করলেও, আন্দোলনের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে জুনিয়র ডাক্তারদের পাল্টা সংগঠন তৈরি হয়েছে। এসব নিয়ে জল ঘোলা হয়েছে প্রচুর। তাতে লেগেছে রাজনীতির ঝাপটা।

## ঝাড়খণ্ডে পাচার করার পথে মুর্শিদাবাদে ৯টি উট-সহ লরি আটক, ধৃত ১

মুর্শিদাবাদ, ১৩ ডিসেম্বর (হি.স.): বৃহস্পতিবার রাতে সামশেরগঞ্জ থানার পুলিশ চাঁদপুর থেকে নটি উট-সহ এক ব্যক্তিকে গ্রেফতার করে।

রাতের অন্ধকারে ঝাড়খণ্ডে নিয়ে যাওয়া হচ্ছিল ৯টি উট। দিক ভুল করে মুর্শিদাবাদে ঢুকে পড়ে লরি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম মেহেরবান শেখ।

সম্প্রতি অভিযুক্ত রাজস্থান থেকে বেশ কিছু উট কেনেন। একটি লরিতে করে সেই উটগুলি নিয়ে ঝাড়খণ্ডের দিকে যাচ্ছিলেন। শীতের রাতে কুয়াশার কারণে লরিটি ঝাড়খণ্ডে নির্দিষ্ট গন্তব্যে যাওয়ার পরিবর্তে, পথ ভুল করে মুর্শিদাবাদের সামশেরগঞ্জ থানার চাঁদপুরে চলে আসে। মেহেরবানের পরিকল্পনা ছিল শুক্রবার সকাল হওয়ার আগে উটগুলি নিয়ে ঝাড়খণ্ডে ফিরে যাওয়ার।

এদিকে, বৃহস্পতিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে সামশেরগঞ্জ থানার পুলিশ বাংলা-ঝাড়খণ্ডের সীমান্তবর্তী এলাকা চাঁদপুরে অভিযান চালায়। সেখান থেকেই ৯টি উট উদ্ধার করা হয়। সেগুলির স্বাস্থ্য পরীক্ষার জন্য পশু চিকিৎসককে ডাকা হয়েছে। আদালতের নির্দেশ পাওয়া গেলে প্রাণীদের নিয়ে কাজ করা স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্যে উটগুলিকে পুনরায় রাজস্থানে ফেরত পাঠিয়ে দেওয়া হবে।

## আল্লু অর্জুনকে অন্তর্বর্তী জামিন দিল তেলেঙ্গানা হাইকোর্ট

হায়দরাবাদ, ১৩ ডিসেম্বর (হি.স.) হায়দরাবাদে পদপিষ্ট হয়ে মহিলার মৃত্যুর ঘটনায় গ্রেফতার করা হয়েছিল অভিনেতা আল্লু অর্জুনকে। এই ঘটনায় অভিনেতাকে অন্তর্বর্তী জামিন দিল তেলেঙ্গানা হাইকোর্ট। ৫০ হাজার টাকার বন্ডে তাঁর অন্তর্বর্তী জামিন মঞ্জুর করা হয়েছে। এর আগে হায়দরাবাদের নিম্ন আদালত অভিনেতাকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছিল। গ্রেফতারিকে চ্যালেঞ্জ জানিয়ে এফআইআর খারিজের আবেদন নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হন অভিনেতা। তাঁর আবেদন মঞ্জুর করা হয়েছে।

গত ৪ ডিসেম্বর হায়দরাবাদের একটি প্রেক্ষাগৃহে ‘পুষ্পা ২' -এর প্রিমিয়ারে গিয়েছিলেন অভিনেতা আল্লু অর্জুন। অভিনেতা সেখানে পৌঁছোতেই দর্শক এবং অনুরাগীদের মধ্যে হুড়োহুড়ি শুরু হয়ে যায়। ভিড়ের চাপে ভেঙে পড়ে প্রেক্ষাগৃহের মূল গেট। সেইসময় পদপিষ্ট হয়ে এক মহিলার মৃত্যু হয়। গুরুতর জখম অবস্থায় এখনও চিকিৎসাধীন ওই মহিলার সন্তান। অভিযোগ, অভিনেতার টিম অথবা ওই প্রেক্ষাগৃহ কর্তৃপক্ষের তরফে পুলিশকে পর্যাপ্ত তথ্য দেওয়া হয়নি। ফলে প্রেক্ষাগৃহে ভিড় নিয়ন্ত্রণের জন্য সেখানে পর্যাপ্ত পুলিশ মোতায়েন ছিল না। ভিড় সামলাতে হিমসিম খেতে হয় পুলিশকে। ঘটনার প্রেক্ষিতে এফআইআর দায়ের করেছিল হায়দরাবাদ পুলিশ। অভিনেতাকে এদিন তাঁর বাড়ি থেকে গ্রেফতার করা হয়। আল্লু অর্জুন সহ মোট সাত জনের বিরুদ্ধে এফআইআর করা হয়। এদিন অভিনেতার পাশাপাশি আরও দু'জনকে গ্রেফতার করে পুলিশ। তাঁদের মধ্যে রয়েছেন প্রেক্ষাগৃহের মালিকও। বাকি অভিযুক্তদেরও অন্তর্বর্তী জামিন দিয়েছে হাইকোর্ট।

মামলায় বিচারপতির পর্যবেক্ষণ, নিহতের পরিবারের প্রতি আদালতের সমবেদনা রয়েছে। কিন্তু অভিযুক্তকে এর ফলে দোষী কীভাবে বলা যায়? যে যে ধারায় মামলা করা হয়েছে, সেগুলি প্রযোজ্য হচ্ছে না। অভিনেতা বলে তাঁর ব্যক্তি অধিকারে হস্তক্ষেপ করা যায় না। নাগরিক হিসাবে তাঁরও স্বাধীনতা ভোগের অধিকার রয়েছে।

## যুদ্ধবিধ্বস্ত লেবানন থেকে ৮৫ বাংলাদেশি দেশে ফিরেছেন

ঢাকা, ১৩ ডিসেম্বর (হি.স.) : যুদ্ধবিধ্বস্ত লেবাননে আটকে পড়া নাগরিকদের নিজ খরচে দেশে ফিরিয়ে এনেছে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার। শুক্রবার ৮৫ জন পুরুষ, মহিলা এবং শিশু ইথিওপিয়ান এয়ারলাইন্সের ফ্লাইটে করে দেশে ফিরেছেন।

ঢাকা পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এ পর্যন্ত ১৬টি ফ্লাইটে ১,০৪৮ জন নাগরিককে ফিরিয়ে আনা হয়েছে। এদন সকালে ৮৫ জন নাগরিকের সবাই ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেছেন। বিমানবন্দর, পররাষ্ট্র মন্ত্রণালয়, বৈদেশিক কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থার আধিকারিকরা তাদের দেশে ফেরার পর সবাইকে আন্তরিকভাবে স্বাগত জানান। প্রত্যেককে ৫ হাজার টাকা করে দেওয়া হয়। লেবাননে বোমা হামলায় একজন বাংলাদেশি নাগরিক প্রাণ হারিয়েছেন বলে নিশ্চিত করেছে সরকার। বৈরুটের বাংলাদেশ দূতাবাস ফিরতে ইচ্ছুকদের নিরাপদে প্রত্যাবর্তনের সুবিধা দিচ্ছে।

## সৈয়দ মুস্তাক আলী ট্রফি : বরোদাকে ৬ উইকেটে হারিয়ে ফাইনালে মুম্বই

মুম্বই, ১৩ ডিসেম্বর (হি.স.) : শুক্রবার বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে সৈয়দ মুস্তাক আলী ট্রফির ফাইনালে প্রবেশ করার জন্য মুম্বই বরোদাকে ৬ উইকেটে পরাজিত করেছে। দলকে ফাইনালে তুলতে অজিঙ্ক রাহানে ৯৮ রান করেছেন। রাহানের ৫৬ বলের ইনিংসে রয়েছে ৫টি ছক্কা এবং ১১টি চার। রাহানে অধিনায়ক শ্রেয়াস আইয়ারের কাছ থেকে দুর্দান্ত সমর্থন পেয়েছেন। আইয়ার ৩০ বলে ৪৬ রান করেছেন। ৩টি ছক্কা এবং ৪টি চারের সাহায্যে তিনি এই রান করেছেন। তাঁদের ৮৮ রানের দ্বিতীয় উইকেট জুটি মুম্বইকে জয়ের পথ দেখাতে সাহায্য করেছে। এর আগে বরোদা প্রথমে ব্যাট করতে নেমে ব্যাটিংয়ে বিপর্যয়ে পড়ে।

## দিল্লিতে মেট্রো সফর জাপানের রাষ্ট্রদূত ওনো কেইচির

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): ভারতে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ওনো কেইচি শুক্রবার কেন্দ্রীয় সচিবালয় থেকে চাউরি বাজার পর্যন্ত মেট্রো ট্রেনে সফর করেছেন। তাঁর সঙ্গে ছিলেন দিল্লি মেট্রো রেল কর্পোরেশন-এর উচ্চপদস্থ আধিকারিক ডঃ বিকাশ কুমার। তিনি দিল্লি মেট্রো প্রকল্পকে ভারত ও জাপানের মধ্যে একটি নিবিড় সহযোগিতা হিসেবে বর্ণনা করেন। মেট্রোতে সফরের সময় তিনি এদিন দিল্লির মেট্রো সম্পর্কে খোঁজখবর নেন এবং দিল্লি মেট্রোর বিভিন্ন সুযোগসুবিধার প্রশংসা করেন। তিনি বলেন যে, দিল্লি মেট্রো প্রকল্পটি ভারত-জাপান সহযোগিতার প্রতীক। জাপান সরকার (জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি) শুরু থেকেই দিল্লি মেট্রো প্রকল্পে যথেষ্ট অর্থ সহযোগিতা করেছে এবং এই প্রকল্পের চতুর্থ ধাপেও অর্থ দিচ্ছে। প্যাটেল চক মেট্রো মিউজিয়ামে এদিন তাঁর মেট্রো সফরের সমাপ্তি হয় বলে জানা গেছে।

## সীমান্তে ধৃত মায়ের খবর পেয়ে ছুটে এলেন ইসকনের প্রচারক-পুত্র

রায়গঞ্জ, ১৩ ডিসেম্বর (হি.স.): প্রাণ বাঁচাতে এক বৃদ্ধা বাংলাদেশ থেকে এপারে আসার চেষ্টা করলেও সীমান্তে ধরা পড়ে যান ভারতীয় জওয়ানদের হাতে। খবর পেয়ে ছুটে আসেন ছোট ছেলে। রায়গঞ্জের প্রত্যন্ত হেমতাবাদের ভরতপুরে ইসকনের প্রচারক ওই যুবক।

বুধবারের এই ঘটনার খবর প্রকাশ্যে এসেছে শুক্রবার। বৃদ্ধার বাড়ি বাংলাদেশের ঠাকুরগাঁ জেলার পিরগঞ্জ থানা এলাকায়। এদিন প্রকাশ্যে আসা সমগোত্রীয় অপর এক ঘটনার মত এই বৃদ্ধার এক মেয়েকেও মৌলবাদীরা তুলে নিয়ে গিয়েছে।

ধৃত এই বৃদ্ধাকেও শুক্রবার রায়গঞ্জ জেলা মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হয়। তাঁকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। বন্দি হয়ে এপারে থাকতে রাজি, তাও ওপারে ফিরতে চান না বৃদ্ধা।

## “অপরাজিতা বিল” আসলে ক্রিমিনালগুলোর এসব করার সাহস হত না, কটাক্ষ ফিরহাদের

কলকাতা, ১৩ ডিসেম্বর (হি.স.): আর জি কর হাসপাতালে মহিলা চিকিৎসককে ধর্ষণ এবং খুনের মামলায় সাপ্লিমেন্টারি চার্জশিট দিতে পারেনি সিবিআই। ফলে জামিন পেয়ে গিয়েছেন আর জি কর মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ আর টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডল। শুক্রবার এ নিয়ে কটাক্ষ করলেন মেয়র ফিরহাদ হাকিম। মেয়র সংবাদমাধ্যমকে বলেন, “সিবিআই আর কী? এতদিনে পুলিশি তদন্তে ছেলেটার ফাঁসি হয়ে যেত। সিবিআই আরও সময় লাগালো। ”অপরাজিতা বিল” আসলে ক্রিমিনালগুলোর এসব করার সাহস হত না। আমাদের রাষ্ট্রপতি মহিলা, আশা করেছিলাম তিনি রাজি হয়ে যাবেন। দুর্ভাগ্য এটাই আমাদের এখানে রাজনীতি বেশি হয়।”

প্রসঙ্গত, চিকিৎসককে খুন এবং ধর্ষণের মামলায় প্রমাণ লোপাটের অভিযোগ ছিল এই দু”জনের বিরুদ্ধে।

## বিনা প্রতিদ্বন্দ্বিতায় হরিয়ানা থেকে রাজ্যসভায় জাতীয় মহিলা কমিশনের প্রাক্তন চেয়ারপার্সন রেখা শর্মা

চণ্ডীগড়, ১৩ ডিসেম্বর (হি.স.) : হরিয়ানা থেকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাজ্যসভায় নির্বাচিত হলেন জাতীয় মহিলা কমিশনের প্রাক্তন চেয়ারপার্সন রেখা শর্মা। তিনি চণ্ডীগড়ে রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে তাঁর শংসাপত্র সংগ্রহ করেন।

নবনির্বাচিত রাজ্যসভার সাংসদ রেখা শর্মা বলেন, আমার অগ্রাধিকার হল মানুষের কণ্ঠস্বর তুলে ধরা।

# মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

সরকারের নজর রয়েছে। এছাড়াও ডোনার মন্ত্রকের সহায়তায় নেশাসক্তদের পুনর্বাসনের জন্য সিপাহীজলার বিশ্রামগঞ্জে একটি পুনর্বাসন কেন্দ্র গড়ে তোলা হবে। রাজ্যে স্বাস্থ্য পরিষেবার উন্নতির প্রসঙ্গ তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে এখন সফলভাবে প্রায় নিখরচায় কিডনি প্রতিস্থাপন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে স্বাস্থ্যক্ষেত্রে বিনিয়োগের জন্য বহিরাজ্যের খ্যাতনামা সংস্থা এগিয়ে আসছে। ইতিমধ্যে মনিপুরের সৃজা হসপিটাল রাজ্যে সুপার স্পেশালিটি হসপিটাল স্থাপনের জন্য আগ্রহ প্রকাশ করেছে। রাজ্য সরকারের পক্ষ থেকেও বাইরের বিনিয়োগকারীদের আমন্ত্রণ জানানো হচ্ছে। তিনি বলেন, আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রী জনআরোগ্য যোজনা মিলে জনগণের স্বাস্থ্য সুরক্ষার আওতায় দেশের মধ্যে ত্রিপুরা শীর্ষে রয়েছে।

সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রবীণ মনোরোগ বিশেষজ্ঞ ডা. এ কে নাথ, ডা. জীবন চক্রবর্তী, ডা. বিমল কৃষ্ণ ভৌমিক, ডা. জ্যোতির্ময় ঘোষ, ডা. সজল গুপ্ত এবং প্রয়াত চিকিৎসক রূপময় ওয়াদেদ্দারের সহধর্মিনীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডা. সঞ্জীব দেববর্মা, ইন্ডিয়ান সাইকিয়াট্রিক সোসাইটির পূর্বাঞ্চলের সভাপতি ডা. শ্রী কুমার মুখার্জী। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস, স্বাস্থ্য ও চিকিৎসা দপ্তরের অধিকর্তা অধ্যাপক ডা. এইচ পি শর্মা, ত্রিপুরা মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল ডা. অরিন্দম দত্ত এবং ইন্ডিয়ান সাইকিয়াট্রিক সোসাইটির ত্রিপুরা রাজ্য শাখার চেয়ারম্যান ডা. দীপায়ন সরকার প্রমুখ। সম্মেলন উপলক্ষে একটি স্মরণিকার আনুষ্ঠানিক উন্মোচন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা।

## নেশা কারবারিকে আটক

● প্রথম পাতার পর

ধাক্কায় ক্ষতিগ্রস্ত হয়। সঙ্গে সঙ্গে গাড়ি থেকে চারজনকে আটক করে পুলিশ। সেখানে তল্লাশি চালিয়ে নেশার জন্য ব্যবহৃত সিরিঞ্জ এবং ড্রাগসের কৌটা পায় পুলিশ।ধৃতরা হলেন, নকুল দেববর্মা, সিন্টু দেববর্মা, সিভিল দেববর্মা এবং রিদম দেববর্মা। তাদেরকে খোয়াই থানায় নিয়ে এসে জোর জিজ্ঞাসাবাদ চালাচ্ছে পুলিশ। পুলিশ সূত্রে জানা যায়, এই গাড়িটি দিয়ে প্রায় সময় নাকি বিভিন্ন চুরির মালামাল পাচার হয়। গোটা ঘটনায় মুহূর্তের মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয় চবরী এলাকা সহ গোটা শহরে।

## ইন্দিরার কথা

● প্রথম পাতার পর

তার পরিবারের সদস্যরা, যার মধ্যে তার মা সোনিয়া গান্ধী, তার স্বামী রবার্ট ভাদ্রা এবং তার ছেলে, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গেও পাশাপাশি ছিলেন।উল্লেখযোগ্যভাবে, তার বক্তৃতার পরে, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং তাকে থাম্বস-আপ দিতে দেখা গেছে, যা প্রিয়াঙ্কা সদয়ভাবে একটি নমস্কার দিয়ে স্বীকার করেছেন।

## ৬ জন

● প্রথম পাতার পর

নেশা সামগ্রী ক্রয় বিক্রয় করা হবে। সেই খবরের ভিত্তিতে পুলিশ সাদা পোশাকে অভিযান চালিয়েছে। অভিযানে চার নেশা কারবারিকে গ্রেফতার করেছে। তাদের জিজ্ঞাসাবাদ চালিয়ে দুই মহিলা নেশাকারবারিকে আটক করেছে।

ধৃতরা হলেন, রামু দাস, অবিনাশ দেবনাথ, সঞ্জু দেবনাথ, অনিমেষ দাস, পূজা ঘোষ এবং পিঙ্কি দাস। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করে তদন্তে নেমেছে পুলিশ।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স :** একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক :** জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান :** নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস :** প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ **পুলিশ :** পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ :** বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। **বিমানবন্দর** এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস :** রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস :** টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

# অনেক অসাংবিধানিক কাজকর্ম চলছে, কটাক্ষ মল্লিকার্জুন খাড়গের

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। শুক্রবার সকালে সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে খাড়গে বলেছেন, 'অনেক অসাংবিধানিক কাজকর্ম চলছে, অনেক স্বায়ত্তশাসিত সংস্থার অপব্যবহার করা হচ্ছে, দেশে শাসনব্যবস্থা ভালো নয়, তাই আমরা একটি বিতর্ক চাই, যাতে সবাই জানতে পারে কিভাবে শাসন চলছে।'

এক দেশ, এক নির্বাচন প্রসঙ্গে মল্লিকার্জুন খাড়গে এদিন বিশেষ কিছু বলেননি। তাঁর কথায়, 'আমরা দেখব বিলে কী আছে। তাঁরা কীভাবে তা করবে, আমরা সমস্ত বিষয় দেখব এবং তারপরে আমরা প্রতিক্রিয়া জানাব।' উল্লেখ্য, 'এক দেশ, এক ভোট' নীতি কার্যকর করার পথে আরও এক ধাপ এগিয়েছে কেন্দ্র। বৃহস্পতিবারই কেন্দ্রীয় মন্ত্রিসভায় সবুজ সঙ্কেত দেওয়া হয়েছে এই নীতিতে। সূত্রের খবর, সংসদের চলতি শীতকালীন অধিবেশনেই এই বিষয়ে বিল পেশ করতে পারে কেন্দ্র।

# রিজার্ভ ব্যাঙ্ককে উড়িয়ে দেওয়ার হুমকি! তদন্ত শুরু মুম্বই পুলিশের

মুম্বই, ১৩ ডিসেম্বর (হি.স.): রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)-কে উড়িয়ে দেওয়ার হুমকিকে ঘিরে শোরগোল তৈরি হল। এই হুমকির প্রেক্ষিতে তদন্ত শুরু করেছে মুম্বই পুলিশ। পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, রাশিয়ান ভাষায় একটি হুমকি মেইল এসেছে। হুমকি দেওয়া হয় আরবিআই-কে বিস্ফোরণে উড়িয়ে দেওয়া হবে।

শুক্রবার সকালে মুম্বই পুলিশ জানিয়েছে, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অফিসিয়াল ওয়েবসাইটে একটি হুমকিমূলক ই-মেইল এসেছে। ই-মেইলটি রাশিয়ান ভাষায় এসেছে, ব্যাঙ্ক উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে। মাতা রমাবাই মার্গ (এমআরএ মার্গ) থানায় অজ্ঞাত অভিযুক্তদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। বিষয়টি নিয়ে তদন্ত চলছে।

# 'এক দেশ, এক ভোট' বিজেপির নির্বাচনে জেতার ''জুগাড়'' : অখিলেশ যাদব

লখনউ, ১৩ ডিসেম্বর (হি.স.): 'এক দেশ, এক ভোট' প্রসঙ্গে বিজেপিকে কটাক্ষ করলেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব। তাঁর কথায়, 'এক দেশ, এক ভোট' বিজেপির নির্বাচনে জেতার ''জুগাড়''। শুক্রবার সংসদ চত্বরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অখিলেশ যাদব বলেছেন, 'এক দেশ, এক ভোট' আসলে বিজেপির নির্বাচনে জেতার ''জুগাড়''। লোকসভায় সংবিধান নিয়ে বিতর্ক প্রসঙ্গে তিনি বলেন, 'সংবিধান রক্ষা করা প্রত্যেকের দায়িত্ব। সংবিধান আমাদের (পিডিএ পরিবার) এগিয়ে যাওয়ার পথ দেখায় এবং আমাদের রক্ষা করে। সংবিধান রক্ষার দায়িত্ব ''পিডিএ পরিবার''-এর। সরকারের সিদ্ধান্তের কারণে দেশে বৈষম্য বেড়েছে। ধর্মনিরপেক্ষতা জোরদার করতে হবে।'

# এক দেশ, এক নির্বাচন খুবই ভালো ধারণা : হেমা মালিনী

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): এক দেশ, এক নির্বাচন ধারণার ভূয়সী প্রশংসা করলেন বিজেপি সাংসদ হেমা মালিনী। সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে হেমা মালিনী বলেছেন, এক দেশ, এক নির্বাচন খুবই ভালো ধারণা। হেমা মালিনী আরও বলেছেন, দেশে ঘন ঘন নির্বাচনের কারণে, উন্নয়ন কাজ থমকে যায়। এক দেশ, এক নির্বাচন বাস্তবায়নের পর উন্নয়নের কাজ চলবে।

উল্লেখ্য, 'এক দেশ, এক ভোট' নীতি কার্যকর করার পথে আরও এক ধাপ এগিয়েছে কেন্দ্র। বৃহস্পতিবারই কেন্দ্রীয় মন্ত্রিসভায় সবুজ সঙ্কেত দেওয়া হয়েছে এই নীতিতে। সূত্রের খবর, সংসদের চলতি শীতকালীন অধিবেশনেই এই বিষয়ে বিল পেশ করতে পারে কেন্দ্র।

# এপার বাংলায় এসে হাড়হিম হিন্দু নির্যাতনের কথা শোনালেন বাংলাদেশি বৃদ্ধা

রায়গঞ্জ, ১৩ ডিসেম্বর (হি.স.): বিএসএফের হাতে ধরা পড়ে পদ্মাপারের নারকীয় অত্যাচারের কথা জানালেন বাংলদেশের দিনাজপুরের গাজিপুরের বৃদ্ধা। ভেঙে পড়লেন কান্নায়। বৃহস্পতিবার বৃদ্ধাকে রায়গঞ্জ জেলা আদালতে তোলা হয়। কিন্তু অসহায় বৃদ্ধাকে দেখতে পরিবারের কেউ আসেননি। শুক্রবার এই ঘটনা প্রকাশ্যে এসেছে।বাংলাদেশের দিনাজপুর জেলার গাজিপুর থানার যথাইসুদপুর গ্রামের বাসিন্দা ওই বৃদ্ধা। বয়সের কারণে চোখের দৃষ্টি ক্ষীণ হয়েছে। সামনের মানুষজনদেরও ঝাপসা দেখেন। বুধবার রাতে কাঁটাতার পেরিয়ে বাংলার উত্তর দিনাজপুরে প্রবেশের সময় বিএসএফের হাতে ধরা পড়েন তিনি।

বৃদ্ধা জানান, কয়েকদিন আগে তাঁর ছোট মেয়েকে নিজের চোখের সামনে নির‍্যাতিত হতে দেখেছেন মৌলবাদীদের হাতে। অত্যাচারের পর তরুণীকে বাড়ি থেকে তুলে নিয়ে যায় অভিযুক্তরা। পুলিশকে জানিয়েও কোনও লাভ হয়নি। উলটে সশস্ত্র বাহিনী রোজ তাঁকে হুমকি দিত বাড়ি ছাড়ার জন্য। একদিন ভোরে বাড়ি থেকে অনেকটা দূরে জঙ্গলে মেয়ের দেহ দেখতে পান। চিৎকার করে সবাইকে ডাকলেওকেউ আসেনি। জঙ্গলেই পড়ে থাকে দেহ।

এর পর বাড়ি থেকে বের করতে বৃদ্ধাকে মারধর করা হয়। টেনে হিঁচড়ে এনে ফেলা হয় রাস্তায়। তার পরই ভারতে মেয়ের শ্বশুরবাড়ি আসার সিদ্ধান্ত নেন বৃদ্ধা। রাতের অন্ধকারে কাঁটাতার পেরনোর সময় ধরা পড়েন বিএসএফের হাতে।বৃদ্ধা জানান, তিনি পাঁচ কন্যা ও তিনপুত্রের মা। শেখ হাসিনা সরকারের পতনের পর সেপ্টেম্বরের এক সন্ধ্যায় বড় ছেলেকে অপহরণ করে নিয়ে যায় মৌলবাদীরা। তার পর আর খোঁজ নেই তাঁর। আর এক ছেলে মানসিক ভারসাম্য হারিয়ে ঢাকার রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। কোনও হদিশ নেই। পাঁচ মেয়ের মধ্যে দুজন না খেতে পেয়ে অসুস্থ হয়ে ঢলে পড়েছে মৃত্যুর কোলে। ছোট মেয়ে মৌলবাদীদের লালসার শিকার।ধৃত বৃদ্ধাকে রায়গঞ্জ জেলা মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। বন্দি হয়ে এপারে থাকতে রাজি, তাও ওপারে ফিরতে চান না বৃদ্ধা।

## কেনার ধুম

● প্রথম পাতার পর

কম দামে পাওয়া গরম পোশাক সাধারণ মানুষের জন্য আরও আকর্ষণীয় হয়ে উঠেছে। আগরতলায় এমন শীতকালীন কেনাকাটার উন্মাদনা প্রতিবছরই দেখা যায়, তবে এবছর ঠান্ডার প্রকোপ বেশি হওয়ায় বাজার আরও জমজমাট হয়েছে বলে মনে করছেন স্থানীয় ব্যবসায়ীরা। এর ফলে লাভের আশায় খুশি বিক্রেতারা।

# সন্ত্রাসী শক্তির বিরুদ্ধে ভারত ঐক্যবদ্ধ : রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): সংসদ ভবনে ২০০১ সালের সন্ত্রাসী হামলায় শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। একইসঙ্গে জোর দিয়ে রাষ্ট্রপতি মুর্মু জানিয়েছেন, সন্ত্রাসী শক্তির বিরুদ্ধে ভারত ঐক্যবদ্ধ। ২০০১ সালের ১৩ ডিসেম্বর জঙ্গি হামলা হয়েছিল সংসদে। পাঁচ সশস্ত্র জঙ্গি ঢুকে পড়েছিল সংসদ ভবনের ভিতরে। তাদের গুলিতে মৃত্যু হয়েছিল এক সাধারণ নাগরিক-সহ মোট ৭ জনের। পরে অবশ্য মারা যায় ওই পাঁচ জঙ্গিও।

শুক্রবার সেই সন্ত্রাসী হামলায় শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন রাষ্ট্রপতি মুর্মু। তিনি এক্স মাধ্যমে জানিয়েছেন, '২০০১ সালের এই দিনে আমাদের সংসদকে রক্ষা করার জন্য যারা নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন, সেই সাহসীদের প্রতি আমি বিনম্র শ্রদ্ধা জানাই। তাঁদের সাহস এবং নিঃস্বার্থ সেবা আমাদের অনুপ্রাণিত করে। দেশ তাঁদের এবং তাঁদের পরিবারের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। এই দিনে, আমি সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করার জন্য ভারতের অটল সংকল্প পুনর্ব্যক্ত করছি। সন্ত্রাসী শক্তির বিরুদ্ধে আমাদের দেশ ঐক্যবদ্ধ।'

# সংসদে সন্ত্রাসী হামলায় শহিদদের শ্রদ্ধাঞ্জলি মোহন যাদবের

ভোপাল, ১৩ ডিসেম্বর (হি.স.): শুক্রবার সংসদ ভবনে হামলার ২৩—তম বার্ষিকী। শুক্রবার সেই সন্ত্রাসী হামলায় শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব। মুখ্যমন্ত্রী মোহন যাদব বলেছেন, জওয়ানদের সাহসিকতা ও আত্মত্যাগ দেশের বীরত্বের ইতিহাসে একটি সোনালী অধ্যায় হিসেবে তরুণদের সর্বদা অনুপ্রাণিত করবে।

উল্লেখ্য, ২০০১ সালের ১৩ ডিসেম্বর জঙ্গি হামলা হয়েছিল সংসদে। পাঁচ সশস্ত্র জঙ্গি ঢুকে পড়েছিল সংসদ ভবনের ভিতরে। তাদের গুলিতে মৃত্যু হয়েছিল এক সাধারণ নাগরিক-সহ মোট ৭ জনের। পরে অবশ্য মারা যায় ওই পাঁচ জঙ্গিও।

# সংবিধান সামাজিক, আর্থিক ও রাজনৈতিক ন্যায়বিচারের প্রতিশ্রুতি দেয় : প্রিয়াঙ্কা গান্ধী

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): ভারতীয় সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বার্ষিকীতে শুক্রবার লোকসভায় আলোচনায় অংশ নিলেন কংগ্রেস সাংসদ প্রিয়াঙ্কা গান্ধী বঢরা। তিনি জোর দিয়ে বলেছেন, 'সংবিধান সামাজিক, আর্থিক ও রাজনৈতিক ন্যায়বিচারের প্রতিশ্রুতি দেয়।' প্রিয়াঙ্কা এদিন লোকসভায় বলেছেন, 'আমাদের সংবিধান হল ''সুরক্ষা কবচ''। এমন একটি ''সুরক্ষা কবচ'' যা নাগরিকদের নিরাপদ রাখে - এটি ন্যায়বিচারের, ঐক্যের, প্রকাশের অধিকারের ''কবচ''। এটা দুঃখজনক যে, ১০ বছরে ক্ষমতাসীন পক্ষের সহকর্মীরা যারা বড় দাবি করেন তারা এই ''কবচ'' ভেঙে ফেলার সমস্ত প্রচেষ্টা করেছে।'

প্রিয়াঙ্কা আরও বলেছেন, 'সংবিধান সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়বিচারের প্রতিশ্রুতি দেয়। এই প্রতিশ্রুতিগুলি একটি সুরক্ষা কবচ এবং তা ভাঙার কাজ শুরু হয়েছে। পার্শীয় প্রবেশ এবং বেসরকারিকরণের মাধ্যমে এই সরকার সংরক্ষণকে দুর্বল করার চেষ্টা করছে।'

# সংবিধানের প্রতি বিজেপির অঙ্গীকার সম্পূর্ণ পরিষ্কার কংগ্রেসকে বিঁধে মন্তব্য রাজনাথের

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): সংবিধানের প্রতি বিজেপির অঙ্গীকার সম্পূর্ণ পরিষ্কার। শুক্রবার লোকসভার এমনটাই বললেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। ভারতীয় সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বার্ষিকীতে শুক্রবার লোকসভায় আলোচনায় অংশ নিয়ে রাজনাথ সিং বলেছেন, 'অনেক বিরোধী নেতা সংবিধানের কপি পকেটে নিয়ে ঘুরে বেড়ান। আসলে তাঁরা ছোটবেলা থেকেই এটি শিখেছে। তাঁরা দেখেছে তাঁদের পরিবারে প্রজন্ম ধরে সংবিধান নিজেদের পকেটে রাখা হয়েছে। কিন্তু, সংবিধানের প্রতি আমাদের অঙ্গীকার সম্পূর্ণরূপে স্পষ্ট।'

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন, 'ভারতীয় সংবিধান, সমস্ত চ্যালেঞ্জ সত্ত্বেও, নিজস্ব মৌলিক চেতনা না হারিয়ে বিশ্বের বৃহত্তম গণতন্ত্র বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। আমরা সবাই সংবিধানের রক্ষক ও ব্যাখ্যাকার হিসেবে সুপ্রিম কোর্টের ভূমিকা মেনে নিই। আজ সংবিধান রক্ষার কথা হচ্ছে। এটা আমাদের সকলের কর্তব্য। কিন্তু আমাদের এটাও বুঝতে হবে কারা সংবিধানকে সম্মান করেছে আর কারা অসম্মান করেছে।'

# সংসদ হামলার ২৩ বছর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন প্রধানমন্ত্রী-সহ বিশিষ্টদের

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): সংসদ হামলার ২৩ বছরে, ভয়াবহ সেই সন্ত্রাসী হামলায় শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করল দেশ। উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার স্পিকার ওম বিড়লা, রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা, কিরেন রিজিজু এবং অন্যরা নিহত জওয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

উল্লেখ্য, ২০০১ সালের ১৩ ডিসেম্বর জঙ্গি হামলা হয়েছিল সংসদে। পাঁচ সশস্ত্র জঙ্গি ঢুকে পড়েছিল সংসদ ভবনের ভিতরে। তাদের গুলিতে মৃত্যু হয়েছিল এক সাধারণ নাগরিক-সহ মোট ৭ জনের। পরে অবশ্য মারা যায় ওই পাঁচ জঙ্গিও। শুক্রবার সেই সন্ত্রাসী হামলায় শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছে দেশ।

অবশেষে স্বস্তি পেলেন পার্থ, ইডি-র মামলায় জামিন মঞ্জুর সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত পার্থ চট্টোপাধ্যায়ের জামিন মঞ্জুর করল সুপ্রিম কোর্ট। ইডি-র মামলায় শুক্রবার তাঁকে জামিন দেওয়া হয়েছে। পার্থ চট্টোপাধ্যায়ের জামিন আবেদনের শুনানি সুপ্রিম কোর্টে গত ৪ ডিসেম্বর শেষ হয়ে গিয়েছিল। রায় ঘোষণা স্থগিত রেখেছিলেন বিচারপতিরা। অবশেষে শুক্রবার সুপ্রিম কোর্টে ইডি-র মামলায় জামিন পেলেন পার্থ।তবে এই জামিনের নির্দেশ কার্যকর হবে আগামী বছর ১ ফেব্রুয়ারি। শুধুমাত্র ইডি-র মামলাতেই জামিন দেওয়া হয়েছে তাঁকে। তবে এক্ষেত্রে রয়েছে বহু শর্ত। উল্লেখ্য, গত সপ্তাহের বুধবার অর্থাৎ ৪ ডিসেম্বর শুনানির পর রায়দান স্থগিত রাখে বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি উজ্জ্বল ভুঁইয়ার ডিভিশন বেঞ্চ। শুক্রবার পার্থ জামিন পেলেও তাঁর জেলমুক্তি ঘটবে না। যেহেতু সিবিআইয়ের মামলা রয়েছে, তাই এখনই তিনি ছাড়া পাবেন না বলে মনে করা হচ্ছে।

## অল্লু অর্জুন

● প্রথম পাতার পর

বছরের এম রেবতী এবং তাঁর ন'বছরের পুত্র। দু'জনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। মহিলাকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা। ওই কিশোরের অবস্থা এখনও আশঙ্কাজনক। অভিনেতা এই ঘটনার দায় এড়াতে পারেন না বলে জানিয়েছে পুলিশ।

অভিযোগ, অভিনেতার টিম অথবা ওই প্রেক্ষাগৃহ কর্তৃপক্ষের তরফে পুলিশকে পর্যাপ্ত তথ্য দেওয়া হয়নি। ফলে প্রেক্ষাগৃহে ভিড় নিয়ন্ত্রণের জন্য পর্যাপ্ত পুলিশ আগে থেকে মোতায়েন করা যায়নি।

# রেকর্ড বাজেট বরাদ্দের মাধ্যমে পরিকাঠামো উন্নয়নে জোর দিচ্ছে সরকার : সিন্ধিয়া

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): ভারত সরকার গত ১০ বছরে দেশের পরিকাঠামোগত উন্নয়নে বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। নতুন দিল্লিতে শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে সিন্ধিয়া বলেছেন, উত্তর-পূর্ব রাজ্যগুলিতে সড়ক, রেলপথ এবং বিমান পরিকাঠামোর ব্যাপক অন্তর্ভুক্তির ফলে পরিকাঠামোর উন্নতির জন্য রেকর্ড বাজেট বরাদ্দ করা হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী সিন্ধিয়া বলেছেন, এই বছর সড়ক ক্ষেত্রে বরাদ্দ করা হয়েছে ২ লক্ষ ৭০ হাজার কোটি টাকা, যা ২০১৩-১৪ সালে ছিল ৩১ হাজার কোটি টাকা। সিন্ধিয়া জানিয়েছেন, জাতীয় হাইওয়ে নেটওয়ার্ক গত দশ বছরে ৬০ শতাংশ বৃদ্ধি পেয়েছে যা এক লক্ষ ৪৬ কিলোমিটারেরও বেশি পৌঁছেছে। তিনি বলেন, দেশে প্রতিদিন ৩৭ দশমিক ৮ কিলোমিটার সড়ক তৈরি হচ্ছে।

# চিকিৎসাধীন অবস্থায় ব্লাড ক্যানসারে আক্রান্ত শিশুর মৃত্যু পায়ে রয়েছে ইঁদুরের কামড়

জয়পুর, ১৩ ডিসেম্বর (হি. স.) : রাজস্থানের রাজ্য ক্যান্সার ইনস্টিটিউটে ভর্তি ব্লাড ক্যান্সারে আক্রান্ত ১০ বছরের একটি ছেলের চিকিৎসা চলাকালীন মৃত্যু হয়েছে। ওই শিশুর পায়ে ইঁদুরের কামড় রয়েছে। তবে মৃত্যুর সঠিক কারণ সম্পর্কে কিছু জানা যায়নি।

ইনস্টিটিউটের সুপারিনটেনডেন্ট ড. সন্দীপ জাসুজা জানান, শিশুটির অবস্থা খুবই খারাপ ছিল। আশঙ্কাজনক অবস্থায় শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সারা শরীরে আলসার ছিল। ইঁদুরের কামড় প্রসঙ্গে তিনি আরও বলেন, শিশুটির মা ইঁদুর দেখেছেন কিন্তু এরপর আর ইঁদুর দেখা যায়নি। তথ্য অনুযায়ী, ১০ বছরের শিশুটি ক্যান্সারের মতো মারণ রোগে ভুগছিল এবং তার স্বাস্থ্যের অবনতি হওয়ায় ১১ ডিসেম্বর তাকে প্রতাপনগরের রাজ্য ক্যান্সার ইনস্টিটিউটে ভর্তি করা হয়। এরপর পরিবারের লোকজন কম্বল সরাতে গিয়ে দেখেন একটি ইঁদুর পালিয়ে যাচ্ছে এবং শিশুটির পায়ের আঙুল দিয়ে রক্তক্ষরণ হচ্ছে। পরিবারের সদস্যরা সেখানে উপস্থিত নার্সিং স্টাফদের বিষয়টি জানালে তারাও পায়ে ব্যান্ডেজ বেঁধে দায় ঝেড়ে ফেলেন।

## ক্ষতিপূরণের আশ্বাস

● প্রথম পাতার পর

রাজ্য সরকারের তরফ থেকে দুর্যোগ মোকাবিলার তহবিল থেকে ক্ষতিগ্রস্তদের সহায়তার আশ্বাস দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, প্রতিদিনের মতো উদয়পুর কাঁকড়াবন হাসপাতাল চৌমুহনীতে ব্যবসা করে আসছিল দিলীপ কুমার দেব, স্বপন দেব, বিষ্ণুদেব সহ আলো কয়েকজন ক্ষুদ্র ব্যবসায়ী। তারা কেউ মিষ্টির দোকান, কেউ সবজির দোকান আবার কেউ আছেন শুকনো মাছ ব্যবসায়ী। প্রতিদিন সকাল বেলা দোকান খুলে সারাদিন ব্যবসা-বাণিজ্য করে রাতে দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। বৃহস্পতিবার দোকান সকাল করে খুলে ব্যবসা-বাণিজ্য শেষ করে রাত্রি বাড়িতে চলে যায়। প্রতিদিনের মতো খাওয়া দাওয়া করে ঘুমিয়ে পড়ে।

ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী স্বপন দেব জানিয়েছেন, আজ ভোর ৪টে নাগাদ কাঁকড়াবন এলাকার তিনটি দোকানে ধোঁয়া দেখতে পেয়েছেন এলাকাবাসী। সাথে সাথে দোকানের মালিকদের খবর দেওয়া হয়েছিল। খবর পেয়ে ছুটে গিয়েছিল পুলিশ এবং দমকলবাহিনীকে। দমকলের ইঞ্জিন সহ উপস্থিত জনতার সহায়তায় দীর্ঘ কয়েক ঘন্টার চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আসে। কিন্তু ততক্ষণে বাজারের তিনটি দোকান পুড়ে ছাই হয়ে গেছে।

তাঁর অভিযোগ, নাশকতার আগুনে পুড়েছে ওই দোকানগুলো। তিনি আরও জানিয়েছেন, ওই ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ১৩ লক্ষাধিক টাকা হবে। এদিকে, আজ সকালে অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে এসডিএম সহ প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকরা। প্রাথমিকভাবে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের ১০ হাজার টাকা দেওয়া হয়েছে। পরবর্তী সময়ে সমীক্ষা করে এসডিআরএফ-এর তহবিল থেকে ব্যবসায়ীদের আর্থিক সহযোগিতা করা হবে। যাতে পুনরায় ব্যবসায়ীরা ব্যবসা করতে পারেন।

# নকশাল সংক্রান্ত তদন্তে সুকমার দু''জায়গায় অভিযান এনআইএ-র

সুকমা, ১৩ ডিসেম্বর (হি.স.): বৃহস্পতিবার নকশাল সংক্রান্ত তদন্তে নামলো জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। ছত্তিশগড়ের সুকমার দুটি জায়গায় অভিযান চালায় এনআইএ। এদিন ভোর ৫টা থেকে এনআইএ আধিকারিকরা সুকমার দুটি জায়গায় অভিযান চালায়।

উল্লেখ্য, গত সেপ্টেম্বর মাসে নকশালদের সঙ্গে যুক্ত এমন দুজনকে গ্রেফতার করেছিল সুকমার পুলিশ। এই ঘটনায় এনআইএ এদিন দুটি জায়গায় হানা দিয়ে ৬ থেকে ৭ ঘণ্টা তল্লাশি ও জেরা করে। শুধুমাত্র সুকমায় নয়, এনআইএ-র আধিকারিকরা ওড়িশার মালকানগিরিতেও নকশাল মামলায় অভিযান চালায় বলে জানা যাচ্ছে।নকশাল দমন অভিযানে নেমে ৭ জন নকশালকে নিকেশ করলো নিরাপত্তা বাহিনীর জওয়ানরা। জানা গেছে, ছত্তিশগড়ের দান্তেওয়াড়ার নারায়ণপুর সীমান্তের দক্ষিণ আবুজমাড়ের জঙ্গলে বুধবার ভোর ৩টা থেকে নিরাপত্তা বাহিনী ও নকশালদের মধ্যে গুলির লড়াই চলে। বৃহস্পতিবার বস্তার পুলিশ সূত্রে জানা যায়, অভিযান জারি রয়েছে। তার মধ্যেই আবার খবর আসে ৭ জন নকশালকে খতম করেছে নিরাপত্তা বাহিনী।

ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই বলেন, নকশাল দমন অভিযানে নিরাপত্তা বাহিনী ৭ জন নকশালকে নিকেশ করেছে। আমি তাঁদের সাহসিকতাকে কুর্নিশ জানাই। বস্তারের ইন্সপেক্টর জেনারেল পি সুন্দররাজ জানান, এখনও পর্যন্ত অভিযানে ৭ নকশালের দেহ উদ্ধার করা হয়েছে। এখনও গুলির লড়াই ও তল্লাশি অভিযান চলছে।

# ২০৩৪ বিশ্বকাপের আয়োজক সৌদি আরব

রিয়াদ, ১৩ ডিসেম্বর (হি.স.) : সৌদি আরব ২০৩৪—এর ২৫তম বিশ্বকাপের আয়োজক হবে। বুধবার রাতে জুরিখ থেকে এল আনুষ্ঠানিক খবর। ২০৩০ বিশ্বকাপ হবে ৩ মহাদেশের ৬ দেশে।

একমাত্র দেশ হিসেবে ২০৩৪ বিশ্বকাপ আয়োজনের জন্য বিড করেছিল সৌদি আরব। বুধবার ভার্চুয়াল এক মিটিংয়ে সৌদি আরবের আয়োজক স্বত্ব পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো।

তবে এই সিদ্ধান্ত নিয়ে বিতর্কও আছে। কারণ সৌদি আরবের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ রয়েছেন তাছাড়া সব লিঙ্গের মানুষের অধিকারও সুরক্ষিত নয় বলা হচ্ছে। কিন্তু এইসব দূরে সরিয়ে সৌদি আরব আশ্বাস দিয়েছে বিশ্বকাপ তাঁদের দেশে একটা উল্লেখযোগ্য পরিবর্তনে ভূমিকা রাখবে।

# াঙ্গন

## জাতীয় স্কুল বালিকাদের জুডো প্রতিযোগিতায় তানিয়া-র স্বর্ণ, দিরিংয়ের রৌপ্য পদক জয়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সোনার মেয়ের হাত ধরে প্রথম স্বর্ণ পদক পেলো ত্রিপুরা। উদয়পুরের বিবেকানন্দ জুডো সেন্টারের ছাত্রী তানিয়া দাস আবার ত্রিপুরার মুখ উজ্জ্বল করলো। প্রত্যাশতিভাবেই দখল করলো স্বর্ণ পদক। ৬৮ তম জাতীয় স্কুল অনূর্ধ-১৭ জুডো প্রতিযোগিতার ৪৮ কেজি বিভাগে। এন এস আর সি সি-র জিমন্যাসিয়াম হলে আসরের প্রথম দিন ত্রিপুরার দখলে ছিলো দুটি ব্রোঞ্জ পদক। শুক্রবার দ্বিতীয় দিনে সকলের নজর ছিলো তানিয়া-র দিকে। অনূর্ধ-৪৮ কেজি বিভাগে। আসরের প্রথম বাউট থেকেই তানিয়া ছিলো অপ্রতিরোধ্য। সেমিফাইনালে দিল্লির জিভিকা তোকাশকে পরাজিত করার পর ফাইনালে মধ্যপ্রদেশের ভাবনা জোশীকে পরাজিত করে ত্রিপুরাকে কাঙ্খিত স্বর্ণ পদকটি এনে দেয়। ওই বিভাগে ভাবনা রৌপ্য এবং জিভিকা ব্রোঞ্জ পদক জয় করে। অনূর্ধ-৫২ কে জি বিভাগে ত্রিপুরার দিরিং চাকমা প্রত্যাশা জাগিয়েও শেষ পর্যন্ত স্বর্ণ পদক জয় করতে ব্যর্থ হয়েছে। রৌপ্য পদক নিয়েই সন্তুষ্ট থাকতে হয়েছে দিরিংকে। ওই বিভাগে ফাইনালে গুজরাটের চৌধুরী ধ্রুবি-র কাছে দুরন্ত লড়াই করে হারতে হয়েছে দিরিংকে। চৌধুরী স্বর্ণ এবং দিরীং রৌপ্য পদক জয় করে।

ওই বিভাগে ব্রোঞ্জ পদক জয় করে পশ্চিম বাংলার জিনিয়া ইলিজা সর্দার।

অনূর্ধ-৫৭ কে জি বিভাগে হতাশ করলো ত্রিপুরার বিনীতা চাকমা। প্রথম আট জনে স্থান পায়নি বিনীতা। ওই বিভাগে স্বর্ণ, রৌপ্য এবং ব্রোঞ্জ পদক জয় করে যথাক্রমে মহারাষ্ট্র-র শ্রভানি ডিকে, গুজরাটের দর্জাদা খুশবো এবং উত্তর প্রদেশের লগন লস্কর। শনিবার ত্রিপুরার হয়ে পদক জয়ের লড়াইয়ে নামবে মোনালিসা দেববর্মা, অর্পিতা ভৌমিক এবং শান্তি দাস। সোনা জয়ী তানিয়া দাস ও রূপা জয়ী দিরিং চাকমা কে অভিনন্দন জানিয়েছেন রাজ্য স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব অপু রায়। ছাত্রীর সোনার পদক জয় করার খুশি কোচ মিহির শীল। তিনি বলেন, 'বিশ্বাস ছিলো তানিয়ার উপর। সে তা করে দেখালো। আগামী দিনে আরও অনেক উপরে উঠবে সে আমার বিশ্বাস'। দুই দিনে ত্রিপুরার দখলে ১ টি স্বর্ণ সহ মোট ৪ টি পদক।

## বিজয় মার্চেন্ট ট্রফি : কিষানের ছোবলে মিজোরাম পর্যদুস্ত, প্রত্যাশিত জয় ত্রিপুরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রত্যাশিত জয় পেয়েছে ত্রিপুরা। মিজোরামের বিরুদ্ধে। ২২৬ রানের বড় ব্যবধানে। দ্বিতীয় ইনিংসে ত্রিপুরার কিষান সরকারের বিধ্বংসী বোলিং মিজোরাম শিবিরে ধ্বস নামিয়ে আনে। মাত্র ৪৩ রানে গুটিয়ে যায় মিজোরামের দ্বিতীয় ইনিংস। বিষয়টা আগে থেকে অঁচ করতে পারলে হয়তো ত্রিপুরা দল ইনিংস সহ জয়ের স্বাদ পেতো। কেননা ত্রিপুরা প্রথম ইনিংসে যে ১৮৭ রান সংগ্রহ করেছিল, মূলতঃ মিজোরাম ২ ইনিংস মিলিয়ে সেই রান টপকাতে পারেনি। বিসিসিআই আয়োজিত বিজয় মার্চেন্ট ট্রফি পুরুষদের অনূর্ধ ১৬ তিনদিবসীয় ক্রিকেট টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের খেলায় ত্রিপুরা ২২৬ রানের বড় ব্যবধানে মিজোরামকে পরাজিত করেছে। দুই ম্যাচের শেষে ৭ পয়েন্ট পেয়ে ত্রিপুরা এই মুহূর্তে ৬ দলীয় প্লেট গ্রুপের পয়েন্ট তালিকায় তৃতীয় শীর্ষে রয়েছে। এককভাবে নাগাল্যান্ড দুই ম্যাচ থেকে ১৩ পয়েন্ট পেয়ে শীর্ষে অবস্থান করছে। বিহার রয়েছে দ্বিতীয় শীর্ষে, দুই ম্যাচের শেষে ১০ পয়েন্ট নিয়ে। উল্লেখ্য, আজ শুক্রবার ম্যাচের তৃতীয় তথা অন্তিম দিনের প্রথম বেলায় ত্রিপুরা ১০ ওভার খেলে ১ উইকেট হারিয়ে ৬৯ রান যোগ করে ২২৩ রানে ইনিংস ঘোষণা করে দেয়। মিজোরাম ২৭০ রানের টার্গেট নিয়ে দ্বিতীয় ইনিংসের খেলার শুরু করলে ত্রিপুরার বোলারদের বিধ্বংসী ছোবলে মিজোরাম ৩১ ওভার খেলে ৪৩ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। ব্যাটিংয়ে ত্রিপুরার সিদ্ধার্থ দেবনাথ এর অপরাজিত ৭৩ রান এবং অধিনায়ক রাজদীপ দেবনাথ এর ৬৯ রান উল্লেখযোগ্য। বোলিংয়ে কিষান সরকার ১৬ রানের বিনিময়ে ছয়টি উইকেট তুলে নিয়ে দুর্দান্ত সাফল্য পেয়েছে। দুই ইনিংসে তার দখলে নয় উইকেট এসেছে। দ্বিতীয় ইনিংসে পৃথ্বীরাজ গোপ ও মাহিন দুটি করে উইকেট পেয়েছিল। গ্রুপ লীগের অন্য খেলায় নাগাল্যান্ড বৃহস্পতিবারেই ইনিংস সহ ৯১ রানের ব্যবধানে অরুণাচল প্রদেশকে পরাজিত করেছিল। আজ, শুক্রবার বিহারও ইনিংস সহ ১০১ রানের ব্যবধানে হারিয়েছে সিকিমকে।

## ঘোড়দৌড়ে ঘোড়া কি খেলোয়াড় ? না খেলার সরঞ্জাম ? বিবাদে দুই সংস্থা, বিতর্ক আদালতে

ঘোড়ার পিঠে চড়ে একের পর এক হার্ডল টপকে এগিয়ে যান ক্রীড়াবিদেরা। কখনও একা। কখনও দল বেঁধে। এশিয়ান গেমস থেকে অলিম্পিক্স, ইকোয়েস্ট্রিয়ান থেকে পদক নিয়ে যায় অনেক দেশ। এশিয়ান গেমসে এই খেলায় পদক পেয়েছে ভারতও। যে ঘোড়ার পিঠে চড়ে ক্রীড়াবিদেরা দৌড়ন সেই ঘোড়াও কি ক্রীড়াবিদ? না কি শুটিংয়ে বন্দুক বা জ্যাভলিনে বর্শার মতো শুধুই খেলার সরঞ্জাম? ঘোড়াকে নিয়ে বিবাদ শুরু হয়েছে রাজস্থান ইকোয়েস্ট্রিয়ান সংস্থা ও ভারতীয় ইকোয়েস্ট্রিয়ান সংস্থার মধ্যে। বিবাদ গড়িয়েছে দিল্লি হাই কোর্টে। শুরু হয়েছে মামলা।

দিল্লি হাই কোর্টে আবেদন করেছে রাজস্থান সংস্থা। তাদের দাবি, ঘোড়া শুধুমাত্র একটি সরঞ্জাম। তাই ভারতীয় ইকোয়েস্ট্রিয়ান সংস্থায় নির্বাচনের সময় শুধুমাত্র রাজ্য সংস্থাগুলিরই ভোট দেওয়ার অধিকার থাকা উচিত। অন্য দিকে জাতীয় সংস্থার দাবি, ঘোড়ার দেখভালের জন্য বিভিন্ন বেসরকারি ক্লাব কোটি কোটি টাকা খরচ করে। তারা আছে বলেই দেশের এই খেলার আয়োজনে সমস্যা হয় না। তা হলে তাদের কেন ভোটাভুটিতে অধিকার থাকবে না?

নিজেদের সমর্থনে দুই পক্ষই বেশ কিছু যুক্তি দিয়েছে। রাজস্থান সংস্থার দাবি, রোয়িংয়ে যেমন নৌকা একটি সরঞ্জাম, তেমনই ইকোয়েস্ট্রিয়ানে ঘোড়া। তাই সরঞ্জাম হিসাবেই তাকে ধরা উচিত। রাজস্থানের হয়ে মামলা করেছেন রঘুবেন্দ্র সিংহ। তিনি বলেন, ''সাইকেল, নৌকা, শুটিংয়ের বন্দুক বিদেশ থেকে আনার সময় ছাড় পাওয়া যায়। ঘোড়ার ক্ষেত্রেও তাই। তা হলে ঘোড়া সরঞ্জাম ছাড়া আর কী? হ্যাঁ, একটাই তফাত আছে। ঘোড়াকে নিয়মিত খাবার দিতে হয়।" তাঁর আরও দাবি, ইকোয়েস্ট্রিয়ানে পদক পেলে তা পান ঘোড়ার চালক। কখনও কোনও ঘোড়াকে পদক বা পুরস্কার দেওয়া হয় না। কোনও ঘোড়া অসুস্থ হয়ে পড়লে ক্রীড়াবিদেরা সেই ঘোড়া বদলে নেন। কিন্তু কোনও ক্রীড়াবিদ অসুস্থ হলে কি তাঁকে বদলে ফেলা হয়? তিনি তো সুস্থ হয়ে আবার খেলায় ফেরেন। ঘোড়ার ক্ষেত্রে তো সেটা হয় না।

রাজস্থানের এই যুক্তি উড়িয়ে দিয়েছেন ভারতীয় ইকোয়েস্ট্রিয়ান সংস্থার সচিব কর্নেল জয়বীর সিংহ। 'জাতীয় স্পোর্টস কোড'-এর ১৬ নম্বর প্যারার উল্লেখ করে তিনি বলেন, "ঘোড়াদের বাঁচিয়ে রাখার জন্য খাবার, জল প্রয়োজন। ওদের দেখভাল করতে হয়। অনুশীলন করাতে হয়। ওদের তো আর ফরমুলা ওয়ানের গাড়ির মতো গ্যারেজে রেখে দেওয়া যায় না।"

ভারতীয় সংস্থার হয়ে আদালতে লড়ছেন আইনজীবী জয়ন্ত মেহতা। তিনি বলেন, "ঘোড়াদের রাখার জন্য আস্তাবল চাই। ওদের জন্য চিকিৎসক প্রয়োজন। তার জন্য প্রচুর খরচ। একটা রাজ্য সংস্থার পক্ষে এত কিছু করা সম্ভব নয়। আপনি তো আর ঘোড়াকে মিরাটে আর চিকিৎসককে দিল্লিতে রাখতে পারবেন না।"

রাজস্থান ইকোয়েস্ট্রিয়ান সংস্থা বন্দুক বা জ্যাভলিনের সঙ্গে ঘোড়ার তুলনা করেছে। কিন্তু জয়ন্তের মতে, ঘোড়া বাকিদের থেকে অনেক আলাদা। যুক্তি দিতে গিয়ে তিনি বলেন, "ঘোড়াকে বিদেশ থেকে আনলে ওদের পাসপোর্ট করাতে হয়। বিদেশে কোনও প্রতিযোগিতায় অংশ নিলে ওদের ভারতীয় হিসাবে উল্লেখ করা হয়। ঘোড়া কেমন খেলবে তা ওর মেজাজের উপর নির্ভর করে। বন্দুক বা জ্যাভলিন তো আর মেজাজ দেখাতে পারে না। একটা ঘোড়া ভাল দৌড়লে তার দাম বেড়ে যায়। কিন্তু কেউ কোনও বন্দুক বা জ্যাভলিন ব্যবহার করে পদক জিতলে তার দাম কিন্তু বাড়ে না। তা হলে ঘোড়া কোন যুক্তিতে সরঞ্জাম। ঘোড়াও ক্রীড়াবিদ।"

দুই সংস্থার এই বিবাদে মুখ খুলেছেন এক প্রাক্তন ক্রীড়াবিদ। নাম প্রকাশে অনিচ্ছুক ওই ক্রীড়াবিদ বলেন, ''ঊনবিংশ শতকের শুরুর দিকে কিন্তু অলিম্পিক্সে ঘোড়ার গলাতেই পদক পরানো হত। পরে একটা সময়ে ঘোড়া ও চালক দু'জনেই পদক পেত। পরে তা শুধু চালক পেতে শুরু করে। তাই ঘোড়াকেও ক্রীড়াবিদের সমান গুরুত্ব দেওয়া হয়। হতে পারে ওরা গেমস ভিলেজে থাকতে পারে না। তার মানে এই নয় ওদের গুরুত্ব কম।" ওই ক্রীড়াবিদের মতে, এই সব বিষয়ে মামলা না করে জাতীয় ও রাজ্য সংস্থারগুলির উচিত কী ভাবে ভারত অলিম্পিক্সে ইকোয়েস্ট্রিয়ানে পদক পেতে পারে সেই বিষয়ে ভাবা। ঘোড়া তো আর নিজের জন্য কিছু দাবি করছে না। তা হলে অযথা একটি বিষয় নিয়ে মামলার কোনও অর্থ নেই বলেই মনে করেন তিনি।

## অলিম্পিকে স্থায়ীভাবে থাকুক ক্রিকেট ! আয়োজকদের বার্তা জয় শাহর

১২৮ বছর পর অলিম্পিক্সে ফিরছে ক্রিকেট। আগামী ২০২৮ সালে লস অ্যাঞ্জেলসে ব্যাটে-বলের লড়াই দেখা যাবে। সেই ধারা যেন ২০৩২ পর্যন্ত বজায় থাকে, সেটা এবার নিশ্চিত করতে চাইছে আইসিসি। সেজন্যই ব্রিসবেনে গিয়ে অলিম্পিকের আয়োজক কমিটির সঙ্গে বৈঠক করেছেন আইসিসি চেয়ারম্যান জয় শাহ।

২০৩২ সালের অলিম্পিক আয়োজিত হবে অস্ট্রেলিয়ার ব্রিসবেনে। কিন্তু সেখানে ক্রিকেট থাকবে কিনা, সেই নিয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। অন্যদিকে, আইসিসি চেয়ারম্যান হিসাবে দায়িত্ব নেওয়ার পরেই জয় শাহ জানিয়ে দিয়েছিলেন, ক্রিকেটকে দর্শকদের কাছে আরও আকর্ষণীয় করে তোলা তাঁর অন্যতম লক্ষ্য। সেজন্য ২০২৮ সালের লস অ্যাঞ্জেলস অলিম্পিক থেকে প্রস্তুতি নেবে আইসিসি। পরবর্তী অলিম্পিকেও যেন ক্রিকেট থাকে, সেই চেষ্টা চলছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থার তরফে। সেই লক্ষ্যেই এবার ব্রিসবেনে পৌঁছে গিয়েছেন জয় শাহ। বৃহস্পতিবার অলিম্পিকের আয়োজক কমিটির সঙ্গে তিনি বৈঠকে বসেন। তবে কী আলোচনা হয়েছে সেই নিয়ে সরকারিভাবে কিছু জানা যায়নি। সূত্রের খবর, ব্রিসবেন অলিম্পিকে ক্রিকেটকে অন্তর্ভুক্ত করা নিয়েই দুপক্ষের আলোচনা হয়েছে। উল্লেখ্য, শনিবার থেকে ব্রিসবেনেই বর্ডার-গাভাসকর ট্রফির তৃতীয় টেস্ট শুরু হবে। সেই ম্যাচ দেখতে গাব্বা স্টেডিয়ামে হাজির থাকতে পারেন শাহ, রয়েছে তেমন সম্ভাবনাও। প্রসঙ্গত, লস অ্যাঞ্জেলসে অলিম্পিক হলেও ক্রিকেট ম্যাচগুলো হতে পারে ৪ হাজার কিমি দূরে নিউ ইয়র্কে। কারণ চলতি বছরের টি-টোয়েন্টি বিশ্বকাপের বেশ কয়েকটি ম্যাচ হয়েছে আমেরিকায়। সেখানে ছিল ভারতের ম্যাচ। প্রচুর দর্শক হয়েছিল ভারত-পাকিস্তান ম্যাচেও। টিকিটের দাম ছিল আকাশছোঁয়া। সেটাকে মাথায় রেখেই ক্রিকেটের স্থানবদল লস অ্যাঞ্জেলস অলিম্পিকে। উল্লেখ্য, টি-২০ ফরম্যাটে অলিম্পিকের ম্যাচগুলো খেলা হবে। পদকজয়ের অন্যতম দাবিদার ভারত।

### তিন বছরের শাস্তি চার মাসেই শেষ !

ডোপিংয়ের কারণে নির্বাসিত হয়েছিলেন তিন বছরের জন্য। কিন্তু চার মাসেই শাস্তি শেষ নিরোশান ডিকওয়েলার। এই বছর অগস্টে তাঁকে তিন বছরের নির্বাসিত করা হয়েছিল। কিন্তু চার মাসের মধ্যে তিনি আবার ক্রিকেট খেলার ছাড়পত্র পেয়ে গেলেন। চাইলে শ্রীলঙ্কা আবার তাঁকে জাতীয় দলে খেলাতে পারে।

শ্রীলঙ্কার অ্যান্টি-ডোপিং সংস্থার পরীক্ষায় ধরা পড়েছিলেন ডিকওয়েলা। কিন্তু তিনি সেই ফলের বিরুদ্ধে আবেদন করেছিলেন। সেখানে তিনি প্রমাণ করেন যে, কোনও প্রতিযোগিতা চলাকালীন নিষিদ্ধ ওষুধ ব্যবহার করেননি। তার ফলেই নির্বাসন উঠে যায়।

গত বছর মার্চে শেষ বার শ্রীলঙ্কার সাদা জার্সিতে খেলতে দেখা গিয়েছিল ডিকওয়েলাকে। নিউ জিল্যান্ডের বিরুদ্ধে টেস্ট খেলেছিলেন তিনি।

## বডি বিল্ডিং ও ফিটনেস রাজ্যভিত্তিক আসর আজ

ক্রীড়া প্রতিনিধি।। ত্রিপুরা বডি বিল্ডার্স ও ফিটনেস এসোসিয়েশনের রাজ্যভিত্তিক বডি বিল্ডিং ও ফিটনেস প্রতিযোগিতা আজ হতে চলেছে। রাজধানীর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বেলা ১১টায় আসরের উদ্বোধন হবে। দিনভর প্রতিযোগিতার পর সন্ধ্যায় হবে পুরষ্কার বিতরণ। সব মিলিয়ে আসরকে কেন্দ্র করে প্রস্তুতি একেবারে চূড়ান্ত। এবারের রাজ্য আসরের মূল আকর্ষণ হিসেবে শুক্রবার দুপুরে রাজ্যে এসেছেন ভারতীয় বডি বিল্ডিং-এর গুরু পদ্মশ্রী ও অর্জুন সম্মানে ভূষিত প্রেমচাঁদ ডোগরা। প্রথমবারের মত তিনি রাজ্যে এলেন। এর সাথে এসেছেন আন্তর্জাতিক বডি বিল্ডিং ফেডারেশনের সচিব তথা ভারতীয় ফেডারেশনের সচিব চেতন মনোহর পাথারে। উদ্বোধনী অনুষ্ঠান সহ বিকাল তিনটায় বিশেষ অনুষ্ঠানে থাকার কথা রয়েছে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, রাজ্য বিধানসভার উপাধ্যক্ষা কল্যানী রায়, বিধায়ক অভিষেক দেবরায়, পশ্চিম জেলার পুলিশ সুপার ড. কিরণ কুমার কে. সহ ট্রাফিক এস.পি মানিক লাল দাস, ডা. জে এল বৈদ্য প্রমুখ।

আসরের আগে শুক্রবার সকালে রবীন্দ্র ভবনে হয় বডি বিল্ডারদের বডি ওয়েট টেস্ট। এতে এন্টি নেয়া খেলোয়াড়েরা তাদের বডি ওয়েট দেয়। এছাড়া বিভিন্ন সাব-কমিটি গঠন করে দায়িত্ব ভাগ করে দেয়া হয়েছে। রাজ্য বডি বিল্ডার্স ও ফিটনেস এসোসিয়েশনের সচিব তনয় দাস জানান, আসরে সিনিয়র বডি বিল্ডিং, জুনিয়র বডি বিল্ডিং, ম্যান ফিজিক এবং প্রথম বারের মত ফিমেল মডেল ফিজিক প্রতিযোগিতা হবে। গতবছর প্রথম আসরে মেয়েদের ইভেন্ট ছিল প্রদর্শনী হিসেবে। এবার হবে প্রতিযোগিতা। রাজ্য আসরে সব মিলিয়ে রেকর্ড ১৫০ জন বডি বিল্ডার পুরুষ ও মহিলা বিভাগে লড়াই করবে। মোট প্রাইজমানি চার বিভাগে ১ লক্ষ ৩০ হাজার টাকা। এছাড়া পদক, স্মারক সহ নানা আয়োজন খেলোয়াড়দের জন্য রাখা হয়েছে।

## বিস্ফোরক কীর্তি

নির্বাচনের দিনদুয়েক আগে উত্তপ্ত দিল্লি ক্রিকেট সংস্থা। বিপুল অঙ্কের অর্থ পেয়েও সেই টাকা নয়ছয় হয়েছে বলে ডিডিসিএ সভাপতি রোহন জেটলিকে তোপ দাগলেন কীর্তি আজাদ। তৃণমূল সাংসদের অভিযোগ, গত এক বছরে সবমিলিয়ে প্রায় ১৪০ কোটি টাকা আয় করেছে দিল্লির ক্রিকেট সংস্থা। কিন্তু তার অধিকাংশই নাকি নয়ছয় করা হয়েছে।

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত অরুণ জেটলির পুত্র রোহন এখন ডিডিসিএর সভাপতি। একটা সময়ে বিসিসিআই সচিব হওয়ার দৌড়েও প্রবলভাবে ছিলেন তিনি। তবে শেষ পর্যন্ত বোর্ড সচিব হতে পারেননি। এখন টানা দ্বিতীয়বার দিল্লি ক্রিকেট সংস্থার প্রধান হওয়ার লড়াইয়ে নেমেছেন জেটলিপুত্র। সেই নির্বাচনে তাঁর প্রধান প্রতিপক্ষ বর্ধমান-দুর্গাপুরের সাংসদ। সভাপতি পদে নির্বাচন লড়তে মনোনয়ন দিয়েছেন বিশ্বকাপজয়ী তারকা। আর নির্বাচনের দুদিন আগেই বর্তমান সভাপতির বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ এনেছেন।

ঠিক কী অভিযোগ জেটলিপুত্রের বিরুদ্ধে? কীর্তির মতে, বিসিসিআই থেকে গত বছর ৭০ কোটি টাকা দেওয়া হয়েছিল ডিডিসিএকে। এছাড়াও আইপিএল, ম্যাচ ফি ইত্যাদি বাবদ আরও ৬৭ কোটি টাকা এসেছিল ক্রিকেট সংস্থার কোষাগারে। এই পরিসংখ্যান তুলে ধরে কীর্তি বলেন, প্রত্যেক মাসে ১২ কোটি এবং প্রত্যেক দিন ৪০ লক্ষ টাকা খরচ করার ক্ষমতা রয়েছে দিল্লি ক্রিকেট সংস্থার। কিন্তু হিসাবে দেখা যাচ্ছে, ক্রিকেট বাবদ খরচ হয়েছে মাত্র ৭ কোটি টাকা। তাহলে বাকি টাকা কোথায় গেল?

## জাতীয় মহিলা ক্রিকেটে ত্রিপুরা নিশ্চিত জয়ের লক্ষ্যে মেঘালয়ের মুখোমুখি আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। এক রানে রোমাঞ্চকর জয়ের পর ত্রিপুরা দলের মনোবল যথেষ্ট তুঙ্গে। জয় পরাজয়ের দারুন ওঠানামার সিরিজের মধ্যেই রয়েছে ত্রিপুরা দল। চন্ডিগড়ে হার, পন্ডিচেরিতে জয়। আবারও পরাজয় বেঙ্গল এর কাছে। চতুর্থ ম্যাচে ফের জয় রাজস্থানের বিরুদ্ধে। মহিলাদের সিনিয়র এক দিবসীয় ক্রিকেট টুর্নামেন্টের ই গ্রুপের এ পর্যন্ত ১৫টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। আগামীকাল (শনিবার) ত্রিপুরা দল মেঘালয়ের বিরুদ্ধে খেলবে। মেঘালয়ে কিন্তু সবচেয়ে দুর্বলতার দল। চার ম্যাচ ছেলে নিয়েছে তবে এখনো জয়ের স্বাদ পায়নি। যথাক্রমে কর্ণাটকের কাছে আট উইকেটে, পন্ডিচেরির কাছে ১০৯ রানে, চন্ডিগড় এর কাছে ৯০ রানে এবং বেঙ্গল এর কাছে নয় উইকেটে হেরে একেবারে তলানিতে অবস্থান করছে। ত্রিপুরা কিন্তু ৪ ম্যাচের মধ্যে দুটিতে জয় ছিনিয়ে আপাতত সাতদলীয় ই গ্রুপে পয়েন্ট তালিকায় চতুর্থ শীর্ষে রয়েছে। আগামীকালের ম্যাচে মেঘালয়ের বিরুদ্ধে নিশ্চিত জয়ের লক্ষ্যে নামবে ত্রিপুরার মহিলা ক্রিকেটাররা। অন্য খেলায় আগামীকাল বেঙ্গল খেলবে কর্ণাটকের বিরুদ্ধে এবং পন্ডিচেরি ও রাজস্থান পরস্পরের মুখোমুখি হবে।

## ত্রিপুরার উমা বেগমও স্বর্ণপদক পেলো লুধিয়ানায় জাতীয় স্কুল গেমস জুডোতে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জাতীয় আসরে আরও একটি দারুণ খবর ত্রিপুরার জন্য। জাতীয় স্কুল গেমস আসরে আবারও ত্রিপুরার নাম উজ্জ্বল করেছে রাজ্যের মেয়ে উমা। আগরতলায় যেমন ৬৮তম জাতীয় স্কুল গেমস এর অনূর্ধ ১৭ বালিকাদের চ্যাম্পিয়নশিপের আসর বসেছে, ঠিক তেমনি লুধিয়ানায় অনুষ্ঠিত হচ্ছে অনূর্ধ ১৯ বালিকাদের জাতীয় স্কুল গেমস জুডো চ্যাম্পিয়নশিপ। এতে ত্রিপুরার প্রতিনিধি উমা বেগম ৪০ কেজি বিভাগে প্রথম স্থান অধিকার করে স্বর্ণপদক পেয়েছে। উল্লেখ্য উমা বেগমও উদয়পুরস্থিত বিবেকানন্দ জুডো সেন্টারের প্রশিক্ষণার্থী। বলা বাহুল্য, জাতীয় পর্যায়ের দু-দুটো আসরে উদয়পুরের বিবেকানন্দ জুডো সেন্টারের দুজন জুডোকা একই দিনে দুই রাজ্যে দুটো স্বর্ণপদক জয়ের মধ্য দিয়ে সত্যিই ত্রিপুরার নাম উজ্জ্বল করে তুলেছে। উল্লেখিত উমা বেগমও জুডো কোচ ড. মিহির শীলের ছাত্রী। দুজনের সাফল্যে, এছাড়াও রাজ্যের অন্যান্য জুডোকাদের সাফল্য অর্জনের নিরিখে কোচ হিসেবে ড. মিহির শীল অত্যন্ত খুশি। অন্যান্য ক্রীড়াপ্রেমীদের পাশাপাশি তিনিও সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়েছেন।

## প্রীতি ক্রিকেট ম্যাচে জয় পেল সিপাহীজলা পুলিশ

ক্রীড়া প্রতিনিধি, চড়িলাম। প্রীতি ক্রিকেট ম্যাচে জয়ী সিপাহীজলা পুলিশ। শুক্রবার সিপাহীজলা পুলিশ প্রশাসন এবং বিশালগড় প্রেস ক্লাবের মধ্যে এক প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। টসে জয়ী হয়ে বিশালগড় প্রেসক্লাব ব্যাট করতে নেমে ৬৪ রানের মধ্যে গুটিয়ে যায়। সিপাহীজলা পুলিশকে লক্ষ্যমাত্রা দেওয়া হয় ৬৫ রানের। বিশালগড় প্রেসক্লাবের হয়ে সবচেয়ে বেশি রান করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয় সওয়াল। জেলাশাসকের বোলিং ব্যাটিং এবং ফিল্ডিং দেখে অবাক মাঠের মধ্যে উপস্থিত প্রেসক্লাব এবং জেলা পুলিশ।

জবাবে ব্যাট করতে নেমে সিপাহীজলা পুলিশ চার উইকেট হারিয়ে লক্ষ্য মাত্রায় পৌঁছে যায় এবং জয়ী হয়।খেলা ছিল ৮ ওভারে। খেলা শেষে রানার্স এবং বিজয়ী দলের হাতে তুলে দেওয়া হয় ট্রফি। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেলা পুলিশ সুপার বি জে রেড্ডি বলেন কলম ক্যামেরার বাইরে এডমিনিস্ট্রেশনের বাইরে একটি দিনের জন্য এই বন্ধুত্বপূর্ণ ক্রিকেট ম্যাচে দারুণ আনন্দ উপভোগ হয়েছে। প্রতিবছর এমন একটি দিন বেছে নিয়ে সমস্ত দায়িত্বের বাইরে গিয়ে একটু খেলা করে মনের আনন্দ উপভোগ করার জন্যই ছিল এই বন্ধুত্বপূর্ণ ক্রিকেট ম্যাচ।

## আবার হার ম্যান সিটির

সময়টা ভাল যাচ্ছে না ম্যাঞ্চেস্টার সিটির। চ্যাম্পিয়ন্স লিগে আরও একটি ম্যাচ হারল তারা। প্রতিযোগিতা থেকে বিদায়ের আশঙ্কায় পেপ গুয়ার্দিওলার দল। সিটি হারলেও নিজেদের ম্যাচ জিতেছে বার্সেলানো ও আর্সেনাল। পয়েন্ট তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে উঠে এসেছে তারা।

জুভেন্টাসের বিরুদ্ধে খেলা ছিল ম্যান সিটির। চোট সারিয়ে আগের ম্যাচে খেলতে নেমেছিলেন আর্লিং হালান্ড। এই ম্যাচেও ছিলেন তিনি। কেভিন দ্য ব্রুইন, বার্নান্দো সিলভা, জেরেমি ডোকু-সহ সিটির প্রথম সারির ফুটবলারেরা সকলেই ছিলেন। তার পরেও জিততে পারল না দল।

প্রথমার্ধ গোলশূন্য থাকার পর দ্বিতীয়ার্ধে জুভেন্টাসের হয়ে গোল করেন ডুসান ভ্লাহোভিচ ও ওয়েস্টন ম্যাককেনি। গোটা ম্যাচে সিটির বলের দখল ছিল ৬৯ শতাংশ। প্রতিপক্ষের গোল লক্ষ্য করে ১২টি শট মারে তারা। কিন্তু একটিও গোল করতে পারেনি। এই হারের ফলে ৬ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে ২২ নম্বরে ম্যাঞ্চেস্টার সিটি। এ বার চ্যাম্পিয়ন্স লিগের নিয়ম অনুযায়ী প্রথম আটটি দল সরাসরি কোয়ার্টার ফাইনালে খেলবে। নবম থেকে ২৪তম স্থানে থাকা দল প্লে-অফ খেলবে। সেখান থেকে আটটি দল কোয়ার্টারে যাবে। ২৫ থেকে ৩৬ নম্বরে থাকা দল বাদ পড়বে। সেই আশঙ্কা দেখা দিয়েছে সিটির।

নিজেদের ম্যাচ অবশ্য জিতেছে বার্সেলোনা। বরুসিয়া ডর্টমুন্ডকে ৩-২ গোলে হারিয়েছে বার্সা। সেই ম্যাচেও প্রথমার্ধ গোলশূন্য ছিল। দ্বিতীয়ার্ধে বার্সাকে এগিয়ে দেন অধিনায়ক রাফিনহা। সেরহউ গুইরাসির গোলে সমতা ফেরায় ডর্টমুন্ড। রবার্ট লেয়নডস্কির পরিবর্ত হিসাবে নামা ফেরান টরেস গোল করে আবার বার্সাকে এগিয়ে দেন। দ্বিতীয় বারও সমতা ফেরান গুইরাসি। কিন্তু বার্সাতে আটকাতে পারেনি ডর্টমুন্ড। দ্বিতীয় গোল করে দলের জয় নিশ্চিত করেন টরেস। এই জয়ের ফলে ৬ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে তালিকায় দ্বিতীয় স্থানে স্পেনের ক্লাব। ১৮ পয়েন্ট নিয়ে শীর্ষে লিভারপুল।

## ব্রিসবেন অলিম্পিক্সেও ক্রিকেট চান জয় শাহ, ভারতের ম্যাচে থাকবেন আইসিসি চেয়ারম্যান ?

চার বছর পর লস অ্যাঞ্জেলেস অলিম্পিক্সে প্রত্যাবর্তন হচ্ছে ক্রিকেটের। তবে ২০৩২-এর ব্রিসবেন অলিম্পিক্সেও ক্রিকেট থাকবে কি না, তার কোনও নিশ্চয়তা নেই। সেটা নিশ্চিত করতে চাইছেন জয় শাহ। আইসিসি-র নতুন চেয়ারম্যান বৃহস্পতিবার বৈঠক করেছেন ব্রিসবেন অলিম্পিক্সের আয়োজক কমিটির কর্তাদের সঙ্গে। ক্রিকেটের অন্তর্ভুক্তি নিয়ে কথা হয়েছে বলে জানা গিয়েছে।

লস অ্যাঞ্জেলেসে ১২৮ বছর পর অলিম্পিক্সে ফিরছে ক্রিকেট। টি-টোয়েন্টি ফরম্যাটে হবে খেলা। ক্রিকেটের জন্য স্টেডিয়াম বেছে নেওয়ার প্রক্রিয়াও শুরু হয়ে গিয়েছে। মূল অলিম্পিক্স লস অ্যাঞ্জেলেসে হলেও ক্রিকেট হতে পারে আমেরিকার পূর্ব দিকের মায়ামি বা নিউ ইয়র্ক শহরে।

অস্ট্রেলিয়ায় ক্রিকেট ভালই জনপ্রিয়। তবে ব্রিসবেনে ক্রিকেট থাকার ব্যাপারে নিশ্চয়তা নেই। তাই ব্রিসবেনে গিয়ে অলিম্পিক্সের আয়োজক কমিটির প্রধান সিন্ডি হুক এবং ক্রিকেট অস্ট্রেলিয়ার মুখ্যকর্তা নিক হকলির সঙ্গে দেখা করেছেন জয় শাহ। নিজেই সমাজমাধ্যমে সেই ভিডিয়ো পোস্ট করেছেন। সেখানে কর্তাদের সঙ্গে এক টেবিলে বসে বেশ কিছু বক্তব্যও রাখতে দেখা গিয়েছে আইসিসি চেয়ারম্যানকে।

## ২০৩০ বিশ্বকাপ তিন দেশে

বিতর্কের অবসান। ২০৩৪ সালের ফুটবল বিশ্বকাপ আয়োজন করবে সৌদি আরব। কাতারের পর পশ্চিম এশিয়ার দ্বিতীয় দেশ হিসাবে এই দায়িত্ব পেল তারা। ২০৩০ সালের প্রতিযোগিতা যৌথ ভাবে আয়োজন করবে স্পেন, পর্তুগাল এবং মরক্কো। ২০৩০ সালে আরও তিনটি দেশে হবে একটি করে ম্যাচ। বুধবার সরকারি ভাবে জানিয়ে দিলেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফ্যান্তিনো।

২০৩০ সালের বিশ্বকাপ নিয়ে প্রশ্ন না উঠলেও ২০৩৪ সালের বিশ্বকাপ নিয়ে প্রশ্নের মুখে পড়েছিল ফিফা। সৌদি আরব ছাড়া আর কোনও দেশ ২০৩৪ সালের বিশ্বকাপ আয়োজনের দাবি জানায়নি। তবু ফিফা সৌদির দাবিকে প্রাধান্য দেওয়ায় বিতর্ক তৈরি হয়। যদিও বুধবার ফিফা কংগ্রেসে প্রায় সব সদস্য দেশই সৌদি আরবের দাবিকে সমর্থন করেছে। ২০৩৪ সালের বিশ্বকাপ আয়োজনের দাবি জানিয়েছিল অস্ট্রেলিয়া এবং ইন্দোনেশিয়াও। কিন্তু পরে দু'দেশই তাদের দাবি প্রত্যাহার করে নেয়। ফলে এক মাত্র সৌদি আরবই হয়ে যায় দাবিদার।

২০৩০ সালে বিশ্বকাপের শতবর্ষ পালিত হবে। প্রতিযোগিতার মূল আয়োজক স্পেন, পর্তুগাল এবং মরক্কো হলেও আরও তিনটি দেশে হবে বিশ্বকাপের ম্যাচ। উদ্বোধনী তিনটি ম্যাচের একটি করে হবে আর্জেন্টিনা, উরুগুয়ে এবং প্যারাগুয়েতে। অর্থাৎ একই বিশ্বকাপের ম্যাচ হবে ইউরোপ, আফ্রিকা এবং দক্ষিণ আমেরিকায়। ফিফা সভাপতি বলেছেন, "আমরা আরও বেশি সংখ্যক দেশে ফুটবলকে ছড়িয়ে দিতে চাই। দলের সংখ্যা বৃদ্ধি কিন্তু খেলার গুণমান কমিয়ে দেয়নি। আসলে আরও বেশি দেশের সামনে সুযোগ করে দিয়েছে।"

মঙ্গলবার নরওয়ে ফুটবল সংস্থা এক বিবৃতিতে জানায়, তারা এই বিষয়ে সৌদি আরবের বিরুদ্ধে ভোট দেবে। বিবৃতিতে বলা হয়, "২০৩৪

# মহাকুম্ভ মেলার প্রস্তুতি চাক্ষুস করলেন প্রধানমন্ত্রী, পবিত্র সঙ্গমে করলেন পুজো

প্রয়াগরাজ, ১৩ ডিসেম্বর (হি.স.): উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলার প্রস্তুতি চলছে জোরকদমে। কুম্ভ স্নান সারা বিশ্বের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান গুলির মধ্যে একটি। তার উপর আগামী বছরে রয়েছে মহাকুম্ভের যোগ। তাই তার আগেই প্রয়াগরাজের পরিকাঠামোকে আরও শক্তিশালী করতে বিপুল অর্থের উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার প্রয়াগরাজে পৌঁছনোর পর ফেরিতে চেপে গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমস্থল পবিত্র সঙ্গমে যান প্রধানমন্ত্রী মোদী। সেখানে আয়োজিত হয় বিশেষ পুজোর। পুজোয় যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী। পুজো শেষে মহাকুম্ভ-এর প্রদর্শনী স্থানটিও পরিদর্শন করেন মোদী। মহাকুম্ভ মেলার উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী। এদিন হনুমান মন্দিরেও পুজো দেন প্রধানমন্ত্রী। সর্বদা মোদীর সঙ্গে ছিলেন রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল, মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং দুই উপ-মুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য্য ও ব্রজেশ পাঠক।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন মহাকুম্ভ ২০২৫-এর জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেছেন। এর মধ্যে বিভিন্ন রেল ও সড়ক প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে, যেমন ১০টি নতুন রোড ওভার ব্রিজ অথবা ফ্লাইওভার, স্থায়ী ঘাট এবং নদীর ধারের রাস্তা প্রভৃতি।ারত পবিত্র স্থান ও তীর্থস্থানের দেশ। গঙ্গা, যমুনা, সরস্বতী, কাবেরী এবং নর্মদার মতো অসংখ্য পবিত্র নদীর দেশ ভারত। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার প্রয়াগরাজে মহাকুম্ভ ২০২৫-এর জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেছেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, 'এই নদীগুলির প্রবাহের পবিত্রতা, এই অসংখ্য তীর্থস্থানের গুরুত্ব ও মাহাত্ম্য, তাদের সঙ্গম, তাদের সংমিশ্রণ, তাদের প্রভাব, তাদের মহিমা, এটাই প্রয়াগ। প্রয়াগ হল যেখানে প্রতিটি পদক্ষেপে পবিত্র স্থান রয়েছে, যেখানে প্রতিটি পদক্ষেপে পুণ্যময় স্থান রয়েছে।'প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'প্রয়াগরাজের সঙ্গমের এই পবিত্র ভূমিকে আমি প্রণাম জানাই। আমি মহাকুম্ভে যোগদানকারী সমস্ত সাধু ও ঋষিদেরও প্রণাম জানাই। মহাকুম্ভ সফল করতে যাঁরা দিনরাত পরিশ্রম করছেন, আমি তাঁদেরও প্রণাম জানাই।' প্রধানমন্ত্রী আরও বলেছেন, 'বিশ্বের এত বড় অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রতিদিন লক্ষ লক্ষ ভক্তকে স্বাগত জানানোর প্রস্তুতি, টানা ৪৫ দিন মহাযজ্ঞ, নতুন শহর প্রতিষ্ঠার মহা অভিযান, প্রয়াগরাজের এই ভূমিতে তৈরি হচ্ছে নতুন ইতিহাস। এটি ঐক্যের এত বড় মহাযজ্ঞ হবে যা সারা বিশ্বে আলোচিত হবে। এই অনুষ্ঠানের মহান ও ঐশ্বরিক সাফল্যের জন্য আমি আপনাদের সকলের মঙ্গল কামনা করছি।'

# আইনের শাসন পুন:প্রতিষ্ঠা সহ ৩ দফার দাবিতে মিছিল বাম ছাত্র যুব সংগঠনের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর:** রাজ্যে আইনের শাসন পুন:প্রতিষ্ঠা সহ তিন দফার দাবিতে রাজপথে বিক্ষিভ মিছিলে সামিল হয়েছে ডিওয়াইএফ-টিওয়াইএফ। এদিন মিছিল শুরু হওয়ার পূর্বে দূর্গা চৌমুহনীতে জমায়েতের আয়োজন করা হয়েছে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে ডিওয়াইএফআই-এর রাজ্য সম্পাদক নবারুণ দেব বলেন, রাজ্যে বেকার সমস্যা দিন দিন বেড়েই চলছে। কাজের সন্ধানে দিশেহারা হয়ে ঘুরছেন যুবক যুবতীরা। এদিকে, প্রতিদিন মহাকরণে বসে মন্ত্রীরা যুবক যুবতীদের সাথে প্রতারণা করছেন। তাছাড়া, প্রত্যেক বার বিভিন্ন দপ্তরের তরফ থেকে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে তারপর বিজ্ঞপ্তু বাতিল করা হচ্ছে। পাশাপাশি, নেশার সাম্রাজ্যে পরিনত হয়েছে ত্রিপুরা। কিন্তু এর বিরুদ্ধে প্রশাসনের তরফ থেকে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এদিন তিনি আরও বলেন, গোটা রাজ্যে তিন দফা দাবিতে ডিওয়াইএফ- টিওয়াইএফ- এর তরফ থেকে বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়েছে। আগামী ৫ জানুয়ারী পর্যন্ত বিভিন্ন সদর বিভাগীয় কমিটির উদ্যোগে গোটা রাজ্যে পদযাত্রার আয়োজন করা হবে।

# রাজ্যের "চা" শিল্প বর্তমান সরকারের সময়ে নতুন দেশে সঞ্চারিত হয়েছে: বাণিজ্যমন্ত্রী




আগরতলা, ১৩ ডিসেম্বর: বিগত দিনে রুগ্ন দশায় চলে যাওয়া রাজ্যের অন্যতম 'চা' শিল্প বর্তমান সরকারের সময়ে নতুন দিশা সঞ্চারিত হয়েছে। আগামী দিনে এই শিল্পের বিকাশের মাধ্যমে রাজ্যকে আর্থিকভাবে সমৃদ্ধ করার লক্ষ্যমাত্র নিয়েছে ত্রিপুরা সরকার। আজ আগরতলার একটি হোটেলে চা ক্রেতা বিক্রেতা মিলনমেলায় এমনটাই দাবি জানিয়েছেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা। এদিন তিনি বলেন, ত্রিপুরায় এতদিন ধরে চা শিল্পের উপর গুরুত্ব দেওয়া হয়নি। এবার চা উন্নয়ন নিগমের উদ্যোগে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়েছে চা ক্রেতা বিক্রেতা মিলনমেলা। তাঁর কথায়, ত্রিপুরা সরকার চাইছে চা শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য চিন্তাভাবনা করছে। কিন্তু সেই লক্ষ্য পৌঁছাতে রাজ্য সরকারের পাশাপাশি বিনিয়োগকারীদের ও সাহায্যের প্রয়োজন রয়েছে। এদিন তিনি বলেন,বিগত দিনে রুগ্ন দশায় চলে গিয়েছিল রাজ্যের অন্যতম 'চা' শিল্প। তা বর্তমান সরকারের সময়ে নতুন দিশা সঞ্চারিত হয়েছে। আগামী দিনে এই শিল্পের বিকাশের মাধ্যমে রাজ্যকে আর্থিকভাবে সমৃদ্ধ করার লক্ষ্যে কাজ করতে হবে। তাতে সকল স্টেক হোল্ডারদের সর্বাত্মক সহযোগিতার প্রয়োজন রয়েছে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর ঘোষ, চা উন্নয়ন নিগমের ম্যানেজিং ডাইরেক্টর মানিক লাল দাস সহ দেশের চা শিল্পের সঙ্গে যুক্ত ইন্ডিয়ান টি অ্যাসোসিয়েশন, ইন্ডিয়ান অকশন এসোসিয়েশন।

# দেশের জন্য জীবন উৎসর্গ করব, অনাস্থা প্রসঙ্গে মন্তব্য ধনখড়ের

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): দেশের জন্য নিজের জীবন উৎসর্গ করে দেব, শুক্রবার রাজ্যসভায় এই মন্তব্য করলেন উচ্চকক্ষের চেয়ারম্যান জগদীপ ধনখড়। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে শুক্রবার রাজ্যসভায় হট্টগোল হয়। চেয়ারম্যান জগদীপ ধনখড় বলেছেন, 'আমি একজন কৃষকের ছেলে, আমি দুর্বলতা দেখাব না। আমি আমার দেশের জন্য নিজের জীবন উৎসর্গ করব। আপনাদের (বিরোধীদের) একটাই কাজ ২৪ ঘন্টা, একজন কৃষকের ছেলে কেন এখানে বসে আছে। দেখুন আপনারা কী বলছেন আমি অনেক সহ্য করেছি। আপনারা সংবিধানকে অপমান করছেন।

এরপর রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে বলেছেন, 'আপনি (বিজেপি) সদস্যদের অন্য দলের সদস্যদের বিরুদ্ধে কথা বলতে উৎসাহিত করছেন। আমিও একজন কৃষকের ছেলে।

# উমাকান্ত একাডেমীর ১৬২ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন আগামী ১৫ ডিসেম্বর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর:** প্রতি বছরের মতো এবছরও উমাকান্ত একাডেমী এলামনি উদযাপন করতে যাচ্ছে বিদ্যালয়ের ১৬২তম প্রতিষ্ঠা দিবস। আগামী ১৫ ডিসেম্বর রবিবার প্রতিষ্ঠা দিবসের উদ্যাপন পর্বে থাকছে একগুচ্ছ কর্মসূচি। সকাল নয়টায় একাডেমী প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের প্রধান সড়কগুলো পরিক্রমা করে আবার উমাকান্ত একাডেমী প্রাঙ্গণেই ফিরে আসবে। এই শোভাযাত্রায় একাডেমীর প্রাক্তণ ও বর্তমান ছাত্র-শিক্ষক-অশিক্ষক কর্মীরা অংশগ্রহণ করবেন। থাকবেন একাডেমীর বর্তমান শিক্ষিকারা ও ছাত্রীরাও।শোভাযাত্রায় থাকবে টেবলো সহ নানা কর্মসূচি। ঘোষণা-গান-মিলে একটা রঙীন শোভাযাত্রা শহর আগরতলা প্রত্যক্ষ করবে। সন্ধ্যা পাঁচটায় উমাকান্ত একাডেমীর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান, সংবর্ধনা জ্ঞাপন পর্ব এবং পুরস্কার বিতরণ। রাজ্যের বিশিষ্ট শিল্পীরা তথা একাডেমীর বর্তমান ছাত্র-শিক্ষকরা, প্রাক্তণ ছাত্র-শিক্ষকরা পরিবেশন করবেন গান, গীতি-আলেখ্য, শ্রুতিনাটক, নৃত্য, আবৃত্তি, গিটার বাদন ও যোগাসন প্রভৃতি। এই পর্বে ইতিমধ্যে হয়ে যাওয়া 'বসে আঁকো' প্রতিযোগিতার তিনটি বিভাগের মোট পনেরো জনকে পুরস্কৃত করা হবে। 'সত্যপ্রিয় দাশগুপ্ত' স্মরণে প্রবন্ধ প্রতিযোগিতার সেরা তিন বিজয়ীকে পুরস্কৃত করা হবে এই অনুষ্ঠানে। এছাড়া প্রাক্তণ ছাত্র ও শিক্ষকদের সংবর্ধনা প্রদান করা হবে।

# ভোক্তা অধিকার এবং নাগরিক সুরক্ষা আইন নিয়ে একদিনের রাজ্যস্তরীয় সেমিনার অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর:** ভোক্তা অধিকার এবং নাগরিক সুরক্ষা আইন নিয়ে একদিনের রাজ্যস্তরীয় সেমিনার অনুষ্ঠিত হয় স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে। উপস্থিত জাস্টিস অরিন্দম লোধ।

শুক্রবার মোহনপুরস্থিত স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে মোহনপুর মহকুমা শাসক কার্য্যালয় এবং স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের যৌথ উদ্যোগে ভোক্তা অধিকার ও নাগরিক সুরক্ষা আইনের উপর এক দিনের রাজ্য স্তরীয় সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা উচ্চ আদালতের বিচারপতি অরিন্দম লোধ, মোহনপুর মহকুমা শাসক সুভাষ দত্ত, স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হারাধন সাহা সহ মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রী শিক্ষক শিক্ষকরা।

এই সময় উপস্থিত বক্তারা ছাত্র ছাত্রীদের ভোক্তা আইন এবং নাগরিক সুরক্ষা সম্পর্কিত প্রশের উত্তর দেন অর্থাৎ পথ প্রদর্শন করেন। এই সেমিনারের উদ্বোধক ত্রিপুরা উচ্চ আদালতের বিচারপতি অরিন্দম লোধ উনার বক্তব্যে বলেন ,ভোক্তা অধিকার সুরক্ষা করতেই এই আইন প্রণয়ন করা হয়। ভোক্তা আইন,অধিকার সম্পর্কে সকল ভোক্তাদের অবগত করতে হবে যাতে করে কেউ বিক্রেতাদের দ্বারা না ঠকেন। পাশপাশি উনার আলোচনায় এই বিষয়ে বিস্তারিত প্রতিক্রিয়া ব্যক্ত করেন

# কৈলাসহরে শুরু হল আন্তর্জাতিক এক্সপো মেলা

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৩ ডিসেম্বর:** শুক্রবার থেকে কৈলাসহর আশ্রমস্কুল মাঠে শুরু হয়েছে আন্তর্জাতিক এক্সপো মেলা। আজ থেকে কৈলাসহর আশ্রম স্কুল মাঠে শুরু হয়েছে প্রথম আন্তর্জাতিক এক্সপো মেলা। এই মেলা চলবে ২৯ শে ডিসেম্বর পর্যন্ত। এই মেলায় বিদেশ থেকে দশটি স্টল সহ মোট ১০০ স্টল খোলা হবে। প্রতিদিন সন্ধ্যায় রাজ্যের খ্যাতনামা শিল্পী দ্বারা সাংস্কৃতিক অনুষ্ঠান থাকবে। মেলার এন্টি পাস থাকবে ১০ টাকা।

এই মেলায় বিভিন্ন স্টলে বিভিন্ন রকমারি জিনিসের উপর থাকবে ডিসকাউন্ট। মেলায় যাতে ঊনকোটি জেলার সমস্ত জনগণ উপস্থিত হয়ে আনন্দ উপভোগ করেন এই উপলক্ষে আজ এক সাংবাদিক সম্মেলন করা হয়। উক্ত সম্মেলনে উপস্থিত ছিলেন মেলা কমিটির ম্যানেজিং ডাইরেক্টর রাজ চৌধুরী, ম্যানেজিং ডাইরেক্টর অশোক রায়, স্থানীয় পরিচালনা কমিটির অরুণ সাহা, অলক দেব, রতন দাস অন্যান্যরা।

# আগামী ১৫ ডিসেম্বর, ধর্মনগর জিরানিয়া- ধর্মনগর, সাব্রুম- জিরানিয়া - সাব্রুম রুটে চলবে বিশেষ ডেমো ট্রেন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর:** আগামী ১৫ ডিসেম্বর রবিবার যাত্রী দুর্ভোগ কমাতে বিশেষ ট্রেনের ব্যবস্থা করেছে নর্থইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ে। এদিন ধর্মনগর - জিরানিয়া - ধর্মনগর এবং সাব্রুম - জিরানিয়া - সাব্রুম রুটে বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে। ০৭৬১৫ ধর্মনগর - জিরানিয়া ডেমো স্পেশাল, এদিন সকাল ৬:৩০ মিনিটে ধর্মনগর থেকে জিরানিয়ার উদ্দেশ্যে রওনা হবে। জিরানিয়া এসে পৌছবে সকাল ৯:৪৫ মিনিট নাগাদ। ০৭৬১৫ জিরানীয় ধর্মনগর ডেমো স্পেশাল, রবিবার জিরানিয়া থেকে রাত ১১টা নাগাদ রওনা দেবে ধর্মনগর এর উদ্দেশ্যে।০৭৬১৭ সাবরুম- জিরানিয়া ডেমো স্পেশাল রবিবার সকাল ৬ টা ৩০ মিনিটে জিরানিয়ার উদ্দেশ্যে রওনা দেবে। জিরানিয়া এসে পৌঁছাবে ৯ঃ ৫০ মিনিট নাগাদ। একই দিনে ০৭৬১৮ জিরানিয়া সাবরুম ডেমো স্পেশাল রাত ১১ টা ১০ মিনিট নাগাদ সাবরুমের উদ্দেশ্যে রওনা দেবে।

# যান দুর্ঘটনা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে এবার মাঠে নামল জেলা পুলিশ প্রশাসন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ ডিসেম্বর:** সিপাহীজলা জেলায় বিশালগড় মহকুমায় যান দুর্ঘটনার নিয়ন্ত্রণ করার লক্ষ্যে এবার মাঠে নামলে জেলা পুলিশ প্রশাসন। শুক্রবার সকালে জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে বিশালগড় টাউন গার্লস দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠ থেকে এক বিশেষ র‍্যালি আয়োজন করা হয়েছে। এদিন বিশালগড় থানা মূল ফটকের সামনে একাধিক বাইক চালকের মাথায় হেলমেট পরিয়ে দিলেন জেলা পুলিশ সুপার ভিজে রেড্ডি সহ মহকুমা পুলিশ আধিকারিক দুলাল দত্ত। প্রসঙ্গত, সিপাহীজলা জেলা সারা ত্রিপুরা রাজ্যের মধ্যে দুর্ঘটনার মধ্যে প্রথম স্থানে রয়েছে। তাই এই যান দুর্ঘটনা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে মূলত বিশেষ র‍্যালি করেন পুলিশ প্রশাসন আলোচনা করেন জেলা পুলিশ সুপার ভিজে রেড্ডি, তারপর বিশালগড় অফিসটিলা নতুন টাউন হলে মূল অনুষ্ঠানে আয়োজন করা হয়।

এদিন, উপস্থিত জেলা শাসক ডাক্তার সিদ্ধার্থ শিব জাসওয়াল সহ অন্যান্যরা। দুর্ঘটনা রোধ করার লক্ষ্যে আলোচনা করেন জেলাশাসক।



ট্যুরিজম প্রমো ফেস্টের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দিতে রাজ্যে এসে পৌঁছলেন প্রখ্যাত সংগীত শিল্পী শ্রেয়া ঘোষাল।

# বাংলাদেশ সংখ্যালঘুদের নিরাপত্তায় ব্যবস্থা নেবে, এটাই ভারতের প্রত্যাশা : এস জয়শঙ্কর

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর (হি.স.): বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তায় সে দেশের অন্তর্বর্তী সরকার ব্যবস্থা নেবে, এমনটাই প্রত্যাশা ভারতের। জানালেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। শুক্রবার লোকসভায় ডঃ জয়শঙ্কর বলেন, বাংলাদেশে সংখ্যালঘুদের উপর যে আচরণ করা হয়েছে এবং একাধিক হামলা হয়েছে তা উদ্বেগের বিষয় এবং ভারত বাংলাদেশের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে।তিনি বলেন, বিদেশ সচিব সম্প্রতি ঢাকা সফর করেছেন। জয়শঙ্কর আরও বলেন, ভারতের বাংলাদেশে উন্নয়ন প্রকল্পের একটি ভালো ইতিহাস রয়েছে। তিনি আশা প্রকাশ করে বলেন, বাংলাদেশে নতুন ব্যবস্থার মাধ্যমে এটি একটি পারস্পরিক উপকারি এবং স্থিতিশীল সম্পর্কে স্থায়ী হবে।

# কদমতলা নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ১৩ ডিসেম্বর:** যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে কদমতলা ব্লকে এক মনোমুগ্ধকর ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় শুক্রবার। সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে কদমতলা ব্লকে এক মনোমুগ্ধকর ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয় বামনিয়া এসবি স্কুলের ময়দানে।অনুষ্ঠানের সূচনা হয় পতাকা উত্তোলন, প্রদীপ প্রজ্বলন এবং স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে মাল্যদান করার মাধ্যমে।

আনুষ্ঠানিক উদ্বোধন করেন কদমতলা ব্লকের চেয়ারম্যান ও অন্যান্য বিশিষ্ট অতিথিরা।

এই প্রতিযোগিতায় বিভিন্ন রকমের ইভেন্টের আয়োজন করা হয়, যার মধ্যে ছিল কবাডি, ব্যাডমিন্টন, দড়ি টানাটানি, শর্ট পাট এবং ভলিবল। ছাত্র-ছাত্রীদের পাশাপাশি গ্রামের মহিলারাও উৎসাহের সাথে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন, যা প্রতিযোগিতাকে আরও প্রাণবন্ত করে তোলে।এই ধরনের ক্রীড়া প্রতিযোগিতা শুধুমাত্র শারীরিক সক্ষমতা বাড়ানোর নয়, বরং পারস্পরিক সহযোগিতা, একতা এবং আত্মবিশ্বাস বৃদ্ধির ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আয়োজকদের প্রচেষ্টা এবং অংশগ্রহণকারীদের উৎসাহের জন্য এই অনুষ্ঠানটি অত্যন্ত সফল ও প্রশংসনীয় হয়ে ওঠে।

# ছত্তিশগড়ে এনকাউন্টারে দুই নকশাল নিকেশ উদ্ধার আগ্নেয়াস্ত্র

রায়পুর, ১৩ ডিসেম্বর (হি.স.): ছত্তিশগড়ে নকশাল-দমন অভিযানে ফের সাফল্য পেল নিরাপত্তা বাহিনী। শুক্রবার ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত বিজাপুর জেলায় এনকাউন্টারে নিকেশ হয়েছে দুই মাওবাদী। শুক্রবার সকালে বিজাপুর জেলার বাসাগুদা থানার অধীনে নেন্দ্র-পুন্নুর জঙ্গলে নিরাপত্তা বাহিনীর সঙ্গে এনকাউন্টারে দুই নকশাল নিহত হয়েছে।

পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, এনকাউন্টারের পর দুই নকশালের দেহ উদ্ধার হয়েছে। বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়েছে। একটি বন্দুক, নকশালদের পোশাক, মাওবাদের সঙ্গে সম্পর্কিত বই, বিস্ফোরক এবং অন্যান্য সামগ্রী উদ্ধার হয়েছে এনকাউন্টারস্থল থেকে।

# শীত আসতেই খেজুর গাছ থেকে রস সংগ্রহের কাজ শুরু রাজ্যের গ্রামো এলাকাগুলিতে



**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৩ ডিসেম্বর:** কাঠালিয়া ব্লক এলাকার সীমান্ত সংলগ্ন গ্রামীন এলাকাতে চিরাচরিত ঐতিহ্য রক্ষার্থে এখনও খেজুর গাছ কেটে কতিপয় গাছিয়াল খেজুরের লালি বা নলেনের পাটালি গুড় তৈরি করে বাজারজাত করার প্রচেষ্টা শুরু হয়ে গেছে। সাম্প্রতিক কালে বিশেষত কাঠালিয়া বাণিজ্যিক এলাকায় খেজুরের লালি কেনাকাটা শুরু হয়ে গেছে। যতই শীতের প্রকট বাড়বে ততই খেজুরের রস পরিষ্কার হবে। তাতে লালি এবং নলেনের গুড় খেতে অত্যন্ত সুস্বাদু হয় ব্লক এলাকার উত্তর মহেশপুর গ্রামে সীমান্তপাড়ায় বসবাস করে পুরানো ও দক্ষ নিরঞ্জন সরকার নামে এক গাছিয়াল। উনি দীর্ঘদিন ধরে একেবারে সীমান্তের পাশে আইবিবি রোডে ধারে দশটি খেজুর গাছ কেটে মোটামুটি এই শীতের মরশুমে বেশ কিছু টাকা উপার্জন করেন। গাছ কাটার সময় একান্ত সাক্ষাতে উনি জানালেন, জিনিসপত্রের দাম অনেক বেড়ে গেছে। লালি তৈরি করতে লাকড়ির দরকার হয়। কিন্তু লাকড়ির এখন যথেষ্ট সংকট দামও বেশি। খেজুর গাছ কাটার ছেনি দা এর দাম বেড়ে দাঁড়িয়েছে ৮০০ টাকা এছাড়া অন্যান্য জিনিসপত্রের দামও বেশি। কাজেই এবার লালির দাম বিক্রি করা হবে ৪০০ টাকা লিটার। যদিও গত বছর ৩০০ টাকা থেকে সাড়ে ৩০০ টাকা বিক্রি করা হয়েছে। কিন্তু এই বছর ৪০০ টাকায় অবশ্যই বিক্রি করতে হবে।একই কথা জানালেন, লেদ্রা বাড়ি গ্রামের ফরমোজ মিয়া এবং মাতাম বাড়ির ইসমাইল মিয়া। তারাও বেশ কিছু খেজুর গাছ কেটে মানুষের চাহিদার পাশাপাশি নিজেদের কিছু অর্থ উপার্জন করেন। পৌষের মকর সংক্রান্তি উপলক্ষে বাঙ্গালীদের ঘরে ঘরে পিঠে পুলি খাওয়া হয়। এই পিঠে পুলি খাওয়া চিরাচরিত অভ্যাস। মকর সংক্রান্তি যতই এগিয়ে আসে বাজারে বিশেষ করে খেজুরের লালির দাম বেড়ে যায়। এমনকি বিভিন্ন প্রান্ত থেকে বাড়ি বাড়ি এসে লালি ক্রয় করে নিয়ে চলে যায়। যে কারণে মকর সংক্রান্তির আগে কাঠালিয়া বাণিজ্যিক এলাকায় লালি পাওয়াই দুষ্কর হয়। সম্ভবত চলতি মরশুমে খেজুর গাছ কাটার গাছিয়াল অনেক কমে গেছে, তার কারণ নতুন করে কোন গাছিয়াল এগিয়ে আসছেনা খেজুর গাছ কাটার জন্য। সমস্যা একটাই, তাই আগামী দিন খেজুরের লালি পাওয়াটাই দুষ্কর হবে।

ভারপ্রাপ্ত মুদ্রক ও প্রকাশক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। ভারপ্রাপ্ত সম্পাদক - সন্দীপ বিশ্বাস।